# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

# মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর ও মৎস্য অধিদপ্তর এর ২০২০-২০২১ অর্থবছরের হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

## রিপোর্ট নম্বর: ৬১/২০২২

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

# মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর ও মৎস্য অধিদপ্তর এর ২০২০-২০২১ অর্থবছরের হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

## রিপোর্ট নম্বর: ৬১/২০২২

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | **প্রথম অংশ** | |
| ১ | মুখবন্ধ | vii |
| | **অধ্যায়-১** | |
| ২ | অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলি | ৩ |
| ৩ | নির্বাহী সার-সংক্ষেপ | ৭ |
| ৪ | শব্দ সংক্ষেপ | ৯ |
| | **অধ্যায়-২** | |
| ৫ | অডিট অনুচ্ছেদসমূহের সার-সংক্ষেপ | ১৩ |
| ৬ | অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ | ১৫ |
| | **দ্বিতীয় অংশ** | |
| ৭ | পরিশিষ্টসমূহ | ৪১ |

# প্রথম অংশ

# মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব অডিট করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর ও মৎস্য অধিদপ্তর এর ২০২০-২০২১ অর্থবছরের আর্থিক কার্যক্রমের উপর কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহের সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করা এই রিপোর্টের মূল উদ্দেশ্য।

৩। এই অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত ১৩টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত প্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় এর সচিব বরাবর ইস্যু করা হয়েছে এবং পরবর্তীতে তাঁদের জবাব বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এই অডিট সম্পাদন ও এই রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারীকৃত Government Auditing Standards of Bangladesh অনুসরণ করা হয়েছে।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এই অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ: ০১-০৪-১৪৩০ বঙ্গাব্দ / ১৬/৭/২০২৩ খ্রিষ্টাব্দ।

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

# অধ্যায়-১

# অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলি

## রিপোর্ট সম্পর্কিত তথ্য:

এই রিপোর্ট মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর এবং মৎস্য অধিদপ্তর এর অধীন অফিস ও প্রকল্পসমূহের ২০১৯-২০২১ অর্থবছরের আর্থিক কার্যক্রমের উপর কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। Audit Materiality বিবেচনা করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পূর্ববর্তী অর্থবছরসমূহের লেনদেনও দেখা হয়েছে (প্রযোজ্য ক্ষেত্রে)। উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি, প্রতিষ্ঠানের Key Performance Indicator (KPI) ইত্যাদি অডিট Criteria হিসেবে বিবেচনা করে উচ্চ ঝুঁকির ক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

## অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য:

- **প্রতিষ্ঠান পরিচিতি:**

### ১. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়:

স্বাধীনতার পর কৃষি মন্ত্রণালয়ে বাংলাদেশ বন, মৎস্য ও পশুপালন নামে একটি বিভাগ ছিল। ১৯৭৮ সালে প্রাণিজ ও মৎস্য জাতীয় সম্পদের সম্প্রসারণের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় থেকে আলাদা করে মৎস্য ও পশুপালন মন্ত্রণালয় নামে একটি নতুন মন্ত্রণালয় গঠন করা হয়। ১৯৮৯ সালে এর নাম সংশোধন করে মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয় এবং ২০০৯ সালে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় নামকরণ করা হয়। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় দেশের অর্থনৈতিক অগ্রগতি ও আমিষের চাহিদা পূরণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিশেষত প্রাণিজ আমিষের চাহিদা পূরণের লক্ষ্যে এই মন্ত্রণালয় দেশের গবাদিপশু, হাঁস-মুরগি ও দুগ্ধ উৎপাদন বৃদ্ধিসহ রোগ নিয়ন্ত্রণ ও জাত উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

- **মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অর্গানোগ্রাম:**

  মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব, যুগ্ম সচিব ও উপ-সচিবসহ মোট ১২০ জন কর্মকর্তা/কর্মচারীর পদ রয়েছে।

- **মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের কার্যাবলি:**
  - মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত জাতীয় নীতির স্কিম প্রণয়ন ও সমন্বয় সাধন;
  - মৎস্য ও পশুসম্পদ গবেষণা ও প্রশিক্ষণ;
  - মৎস্য, গবাদিপশু ও হাঁস-মুরগির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ;
  - মাছ, মাংস, দুধ ও ডিমের উৎপাদন বৃদ্ধি করা;
  - অভ্যন্তরীণ, উপকূলীয় ও সামুদ্রিক মৎস্য সম্পদের সংরক্ষণ ও ব্যবস্থাপনা এবং
  - মন্ত্রণালয়ের অধীন দপ্তর ও সংস্থার কার্যক্রম তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ।

- **মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের Key Performance Indicator (KPI) :**
  - মৎস্য ও গবাদি পশু-পাখির উৎপাদনশীলতা বৃদ্ধি;
  - নিরাপদ মৎস্য ও প্রাণিজাত পণ্য রপ্তানি বৃদ্ধিতে সহায়তা করা;
  - প্রদর্শন ও প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে মৎস্যচাষ ও ব্যবস্থাপনা সম্পর্কিত প্রযুক্তি হস্তান্তর ও প্রযুক্তি বাস্তবায়নে কারিগরি পরামর্শ প্রদান;
  - গবাদি পশু-পাখির জেনেটিক রিসোর্স সংরক্ষণ ও উন্নয়ন এবং
  - গুণগতমানের পোনা এবং মানসম্পন্ন মৎস্য খাদ্য প্রাপ্তিতে সহায়তা প্রদান;
  - মৎস্যচাষ ও ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনায় ঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান;
  - মৎস্য অভয়াশ্রম নির্মাণ, বিল নার্সারি স্থাপন, পোনা অবমুক্তিসহ যথাযথ সংরক্ষণ ও ব্যবস্থাপনা কার্যক্রমের মাধ্যমে অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মৎস্য প্রাচুর্য বৃদ্ধি;
  - মৎস্য সম্পদ সংরক্ষণের লক্ষ্যে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন বাস্তবায়ন এবং
  - রপ্তানিযোগ্য মৎস্য ও মৎস্যজাত পণ্যের গুণগত মান নিয়ন্ত্রণ ও স্বাস্থ্যকরত্ব সনদ প্রদান।

- **মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাজেট ও ব্যয়:**

(লক্ষ টাকায়)

| অর্থবছর | মোট বাজেট বরাদ্দ | ব্যয়কৃত টাকার পরিমাণ |
|---|---|---|
| ২০২০-২০২১ | ৪৪০৪.০০ | ৩৭৪২.৬৩ |

## ২. প্রাণিসম্পদ অধিদপ্তর:

স্বাধীনতার পর কৃষি মন্ত্রণালয়ে বাংলাদেশ বন, মৎস্য ও পশুপালন নামে একটি বিভাগ ছিল। ১৯৭৮ সালে প্রাণিজ ও মৎস্য জাতীয় সম্পদের সম্প্রসারণের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় থেকে আলাদা করে মৎস্য ও পশুপালন মন্ত্রণালয় নামে একটি নতুন মন্ত্রণালয় গঠন করা হয়। ১৯৮৯ সালে এর নাম সংশোধন করে মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয় এবং ২০০৯ সালে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় নামকরণ করা হয়। এই মন্ত্রণালয়ের অধীন ২০১১ সালে পশুসম্পদ অধিদপ্তর "প্রাণিসম্পদ অধিদপ্তর" নামে নবযাত্রা শুরু করে। এ অধিদপ্তর বাংলাদেশের পশু সম্পদ নিয়ে কাজ করে থাকে। রাষ্ট্রের অর্থনৈতিক অগ্রগতির ক্ষেত্রে এ অধিদপ্তর অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বিশেষত প্রাণিজ আমিষের চাহিদা পূরণের লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর দেশের প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধিসহ সংরক্ষণ, রোগ নিয়ন্ত্রণ ও জাত উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

- **প্রাণিসম্পদ অধিদপ্তরের অর্গানোগ্রাম:**

  প্রাণিসম্পদ অধিদপ্তর এর প্রধান হিসেবে একজন মহাপরিচালকসহ ২০৯৩ জন ক্যাডার কর্মকর্তা এবং ১০,৯৫৯ জন নন-ক্যাডার কর্মকর্তা/কর্মচারীসহ মোট ১৩০৫২ জন কর্মকর্তা/কর্মচারীর পদ রয়েছে।

- **প্রাণিসম্পদ অধিদপ্তরের কার্যাবলি:**
  - প্রাণিসম্পদের উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন;
  - জনসাধারণের স্বাস্থ্যসম্মত প্রাণিজাত খাদ্য প্রাপ্তির নিশ্চয়তা প্রদান;
  - উদ্যোক্তা উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, নারীর ক্ষমতায়ন ও দারিদ্রতা হ্রাসকরণ;
  - মানবসম্পদ উন্নয়ন ও বেকারত্ব হ্রাসকরণ;
  - শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে দক্ষতা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর;
  - জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ওয়েবসাইটের মাধ্যমে সকল তথ্য-উপাত্ত উপস্থাপন এবং
  - প্রাণিজ সম্পদ ও পোল্ট্রি সম্পদের অর্থনৈতিক উন্নয়নে পরামর্শ প্রদান।

- **প্রাণিসম্পদ অধিদপ্তরের Key Performance Indicator (KPI) :**
  - গবাদি পশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি;
  - প্রাণিসম্পদ উন্নয়ন নীতি প্রণয়নে সরকারকে পরামর্শ প্রদান;
  - নিরাপদ প্রাণিজাত পণ্য রপ্তানি বৃদ্ধিতে সহায়তা করা;
  - গবাদি পশু-পাখির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ;
  - গবাদি পশু-পাখির জেনেটিক রিসোর্স সংরক্ষণ ও উন্নয়ন এবং
  - গরু পুষ্টকরণের মাধ্যমে বাণিজ্যের ব্যাপক প্রসার ও দেশের চাহিদা পূরণের পর বিদেশে রপ্তানির সুযোগ সৃষ্টি করা।
- **প্রাণিসম্পদ অধিদপ্তরের বাজেট ও ব্যয়:**

(লক্ষ টাকায়)

| অর্থবছর | মোট বাজেট বরাদ্দ | ব্যয়কৃত টাকার পরিমাণ |
|---|---|---|
| ২০২০-২০২১ | ৪৩৩৯০.১৭ | ৩৯৮৭৬.৪১ |

## ৩. মৎস্য অধিদপ্তর:

স্বাধীনতার পর কৃষি মন্ত্রণালয়ে বাংলাদেশ বন, মৎস্য ও পশুপালন নামে একটি বিভাগ ছিলো। ১৯৭৮ সালে প্রাণিজ ও মৎস্য জাতীয় সম্পদের সম্প্রসারণের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় থেকে আলাদা করে মৎস্য ও পশুপালন মন্ত্রণালয় নামে একটি নতুন মন্ত্রণালয় গঠন করা হয়। ১৯৮৯ সালে এর নাম সংশোধন করে মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয় এবং ২০০৯ সালে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় নামকরণ করা হয়। ১৯৮৩ সালে মৎস্য পরিদপ্তর "মৎস্য অধিদপ্তর" নামে নবযাত্রা শুরু করে। এ অধিদপ্তর বাংলাদেশের মৎস্য সম্পদ নিয়ে কাজ করে থাকে। রাষ্ট্রের অর্থনৈতিক অগ্রগতির ক্ষেত্রে এ অধিদপ্তর অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বিশেষত প্রাণিজ আমিষের চাহিদা পূরণের লক্ষ্যে মৎস্য অধিদপ্তর দেশের মৎস্য উৎপাদন বৃদ্ধিসহ সংরক্ষণ, রোগ নিয়ন্ত্রণ ও জাত উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

- **মৎস্য অধিদপ্তরের অর্গানোগ্রাম:**

  মৎস্য অধিদপ্তর এর প্রধান হিসেবে একজন মহাপরিচালক এবং তাঁর অধীনে মোট ১,৬৩৯ জন কর্মকর্তা-কর্মচারীর পদ রয়েছে।

- **মৎস্য অধিদপ্তরের প্রধান কার্যাবলি:**
  - প্রদর্শনী মৎস্য খামার স্থাপন ও মৎস্য আবাসস্থল উন্নয়ন;
  - বিল নার্সারি স্থাপন ও পরিচালনা এবং উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ;
  - মৎস্যচাষী, মৎস্যজীবী ও উদ্যোক্তাকে পরামর্শ প্রদান;
  - মৎস্য হ্যাচারি নিবন্ধন ও নবায়ন এবং মৎস্য খাদ্য পরীক্ষা;
  - মাছের অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ এবং বিলুপ্তপ্রায় মৎস্য প্রজাতি সংরক্ষণ;
  - মৎস্য সম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন ও অভিযান পরিচালনা এবং
  - জলবায়ু সহনশীল মৎস্যচাষ প্রযুক্তির পরীক্ষামূলক সম্প্রসারণ।

- **মৎস্য অধিদপ্তরের Key Performance Indicator (KPI):**
  - গুণগতমানের পোনা এবং মানসম্পন্ন মৎস্য খাদ্য প্রাপ্তিতে সহায়তা প্রদান;
  - মৎস্যচাষ ও ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনায় ঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান;
  - মৎস্য অভয়াশ্রম নির্মাণ, বিল নার্সারি স্থাপন, পোনা অবমুক্তিসহ যথাযথ সংরক্ষণ ও ব্যবস্থাপনা কার্যক্রমের মাধ্যমে অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মৎস্য প্রাচুর্য বৃদ্ধি;
  - ইলিশ সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উন্নয়ন;
  - সামুদ্রিক মৎস্য সম্পদ সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উন্নয়ন;
  - মৎস্য সম্পদ সংরক্ষণের লক্ষ্যে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন বাস্তবায়ন এবং
  - রপ্তানিযোগ্য মৎস্য ও মৎস্যজাত পণ্যের গুণগত মান নিয়ন্ত্রণ ও স্বাস্থ্যকরত্ব সনদ প্রদান।

- **মৎস্য অধিদপ্তরের বাজেট ও ব্যয়:**

(হাজার টাকায়)

| অর্থবছর | মোট বাজেট বরাদ্দ | ব্যয়কৃত টাকার পরিমাণ |
|---|---|---|
| ২০২০-২০২১ | ৮৫০,৫১,০০ | ৭৭৯,৮১,৭২ |

- **অডিটের আইনগত ভিত্তি:**

  গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) অনুযায়ী এই অডিট পরিচালনা করা হয়েছে।

- **অডিটের পরিধিঃ**

  মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর ও মৎস্য অধিদপ্তর এর অধীন অফিস এবং প্রকল্পসমূহের ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরের আয় ও ব্যয়।

**অডিট প্লানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্যঃ**

- **অডিটের বিষয়বস্তুঃ**

  মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর ও মৎস্য অধিদপ্তর এর অধীন অফিস এবং প্রকল্পসমূহের আয়-ব্যয় হিসাবের উপর কমপ্লায়েন্স অডিট।

- **অডিট কৌশলঃ**
  - লক্ষ্য ও উদ্দেশ্য এবং কার্যাবলি সম্পর্কে ধারণা লাভ;
  - তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ;
  - নমুনায়নের মাধ্যমে নিরীক্ষাযোগ্য ইউনিট নির্ধারণ;
  - গুরুত্বপূর্ণ বিষয়/ম্যাটেরিয়েলিটি নির্ধারণ;
  - ঝুঁকি নিরূপণ ও মূল্যায়ন এবং
  - নিরীক্ষা প্রক্রিয়ার পরিকল্পনা প্রণয়ন।

- **অডিট সময়কালঃ**

  ০৫/০৯/২০২১ খ্রি. তারিখ হতে ০৯/১২/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত।

# নির্বাহী সার-সংক্ষেপ

কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরের নিরীক্ষার অধীন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর ও মৎস্য অধিদপ্তর এর অধীন অফিস ও প্রকল্পসমূহের ২০২০-২০২১ অর্থবছরের বাজেট বরাদ্দের বিপরীতে সম্পাদিত কাজের রেকর্ডপত্র ও নমুনা সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক অডিট করা হয়।

নিরীক্ষাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি-বিধানের লঙ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলতঃ প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুবর্লতা ও আর্থিক বিধি-বিধান পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। অনিষ্পন্ন অডিট অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই রিপোর্টে ১৩টি অনুচ্ছেদ রয়েছে এবং এতে জড়িত টাকার পরিমাণ ৩৫,৮৩,৭৬,৮৭৭/- (পঁয়ত্রিশ কোটি তিরাশি লক্ষ ছিয়াত্তর হাজার আটশত সাতাত্তর) টাকা। এই রিপোর্টে অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য অনিয়মসমূহ নিম্নরূপ:

- দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের ১০% এর অধিক কম মূল্যে ঠিকাদারকে পূর্ত কাজের কার্যাদেশ প্রদানপূর্বক অনিয়মিত ব্যয়;
- তরল নাইট্রোজেন ব্যবহার ও পরিবহনে অতিরিক্ত অপচয়/বাষ্পায়িত দেখানো;
- টিকা ব্যবহার/বিক্রয় বাবদ অর্থ সরকারি কোষাগারে জমা না করা;
- পণ্য সরবরাহ না করা সত্ত্বেও সরবরাহকারীকে বিল পরিশোধ;
- পিপিআর, ২০০৮ লঙ্ঘনপূর্বক পণ্য ও সেবা ক্রয় কাজে আরএফকিউ পদ্ধতিতে বার্ষিক আর্থিক ক্রয় ক্ষমতার সীমাতিরিক্ত ব্যয়;
- আউটসোর্সিং কর্মচারীদের প্রাপ্যতাবিহীন প্রকল্প সহায়তা ভাতা নামে অর্থ উত্তোলন;
- আরডিপিপিতে সংস্থান না থাকা সত্ত্বেও এবং ওটিএম এর পরিবর্তে আরএফকিউ পদ্ধতিতে এআইজিএ ও বেড়জাল ক্রয় এবং
- অকেজো জাহাজ নিলামে বিক্রয় না করে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনে সংরক্ষণ বাবদ বার্থিং, ডেকহ্যান্ড এবং রাজস্ব কর্মচারীদের বিল পরিশোধ।

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে ও ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটা ও পূর্ববর্তী অডিটের সুপারিশসমূহ বাস্তবায়ন না করা বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এই অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

# শব্দসংক্ষেপ

| | |
|---|---|
| AIGAs | : Alternative Income Generating Activities |
| AIR | : Audit Inspection Report |
| APP | : Annual Procurement Plan |
| BFDC | : Bangladesh Fisheries Development Corporation |
| DPM | : Direct Procurement Method |
| DPP | : Development Project Proposal |
| e-GP | : e- Government Procurement |
| GCC | : General Conditions of Contract |
| GFR | : General Financial Rules |
| ITT | : Instructions to Tenderers |
| IT | : Income Tax |
| NBR | : National Board of Revenue |
| NOA | : Notification of Award |
| OTM | : Open Tendering Method |
| PCC | : Particular Conditions of Contract |
| PPA | : Public Procurement Act |
| PPR | : Public Procurement Rules |
| RFQM | : Request for Quotation Method |
| RDPP | : Revised Development Project Proposal |
| TO&E | : Table of Organogram & Equipments |

# অধ্যায়-২

# অডিট অনুচ্ছেদসমূহের সার-সংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | (ক) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | |
| ১ | পণ্য সরবরাহ না করা সত্ত্বেও সরবরাহকারীকে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি | ৯৩,৯৬,৭৭৮/- |
| ২ | পিপিআর, ২০০৮ লঙ্ঘনপূর্বক পণ্য ও সেবা ক্রয় কাজে আরএফকিউ পদ্ধতিতে বার্ষিক আর্থিক ক্রয় ক্ষমতার সীমাতিরিক্ত ব্যয় | ১৫,৬৭,৬৪৪/- |
| | উপমোট | ১,০৯,৬৪,৪২২/- |
| | (খ) প্রাণিসম্পদ অধিদপ্তর | |
| ৩ | দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের ১০% এর অধিক কম মূল্যে ঠিকাদারকে পূর্ত কাজের কার্যাদেশ প্রদান করায় অনিয়মিত ব্যয় | ২১,৮০,৯০,৬৩০/- |
| ৪ | এক কোডের অর্থ দ্বারা অন্য কোডভুক্ত কাজের বিল পরিশোধ করায় অনিয়মিত ব্যয় | ১,১২,০০,০০০/- |
| ৫ | তরল নাইট্রোজেন ব্যবহার ও পরিবহনে অতিরিক্ত অপচয়/বাষ্পায়িত দেখানোর ফলে আর্থিক ক্ষতি | ৫৪,৯৩,৮৬৪/- |
| ৬ | টিকা ব্যবহার/বিক্রয় বাবদ অর্থ সরকারি কোষাগারে জমা হয়নি | ২৬,১২,১৭০/- |
| ৭ | সরবরাহকারীর সাথে যোগসাজশের মাধ্যমে অনিয়মিতভাবে ব্যয় | ১,৪১,৯২,৫০৪/- |
| | উপমোট | ২৫,১৫,৮৯,১৬৮/- |
| | (গ) মৎস্য অধিদপ্তর | |
| ৮ | আউটসোর্সিং কর্মচারীদের প্রাপ্যতাবিহীন প্রকল্প সহায়তা ভাতা নামে অর্থ উত্তোলন করায় সরকারের আর্থিক ক্ষতি | ৮,৯৯,৬১৩/- |
| ৯ | মূলধন খাতের (অনাবাসিক ভবন নির্মাণ) বরাদ্দ হতে বিধি বহির্ভূতভাবে মেরামত খাতের ব্যয় নির্বাহ করায় সরকারের আর্থিক ক্ষতি | ২৯,৯৯,৩৮৮/- |
| ১০ | গাড়ি মেরামত খাতে আর্থিক ক্ষমতার সীমাতিরিক্ত ব্যয় নির্বাহ করায় সরকারের আর্থিক ক্ষতি | ২১,৫৩,৫০০/- |
| ১১ | গাড়ীর ব্যবহার সংক্রান্ত বিতরণ তালিকা বহির্ভূত গাড়ির জ্বালানি ও মেরামত বাবদ আর্থিক ক্ষতি | ৩১,২৬,৯৯৬/- |
| ১২ | আরডিপিপিতে সংস্থান না থাকা সত্ত্বেও এবং ওটিএম এর পরিবর্তে আরএফকিউ পদ্ধতিতে এআইজিএ ও বেড়জাল ক্রয় করায় অনিয়মিত ব্যয় | ৮,২৩,৬৫,২৮০/- |
| ১৩ | অকেজো জাহাজ নিলামে বিক্রয় না করে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনে সংরক্ষণ বাবদ বার্থিং, ডেকহ্যান্ড এবং রাজস্ব কর্মচারীদের বিল পরিশোধ করায় আর্থিক ক্ষতি | ৪২,৭৮,৫১০/- |
| | উপমোট | ৯,৫৮,২৩,২৮৭/- |
| | সর্বমোট | ৩৫,৮৩,৭৬,৮৭৭/- |

# অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

# মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

**অনুচ্ছেদ নম্বরঃ ০১**

**শিরোনামঃ পণ্য সরবরাহ না করা সত্ত্বেও সরবরাহকারীকে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ৯৩,৯৬,৭৭৮/- (তিরানব্বই লক্ষ ছিয়ানব্বই হাজার সাতশত আটাত্তর) টাকা।**

**বিবরণঃ**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর অধীন "পোল্ট্রি গবেষণা ও উন্নয়ন জোরদারকরণ প্রকল্প" এর ২০২০-২০২১ অর্থবছরে চুক্তি অনুযায়ী পণ্য সরবরাহ না করা সত্ত্বেও সরবরাহকারীকে সম্পূর্ণ বিল পরিশোধ করায় সরকারের ৯৩,৯৬,৭৭৮/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় প্রকল্পের ক্যাশ বই, সংশ্লিষ্ট নথি ও বিল-ভাউচার পর্যালোচনায় দেখা যায়, ইনকিউবেটর ক্রয়ের জন্য দরপত্র নং-৩৩.০৫.২৬৭২.১০৯.২৭.০২৭.১৯-৩৯৩ তারিখঃ ২৮/০৩/২০২১ খ্রি. এর মাধ্যমে ই-জিপিতে দরপত্র আহ্বান করা হয়। উক্ত দরপত্রে একটিমাত্র দরদাতা "Bangladesh Science House" অংশগ্রহণ করে। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক উক্ত দরদাতাকে টেকনিক্যালি রেসপনসিভ হিসেবে ঘোষণা করা হয় এবং স্মারক নং-৩৩.০৫.২৬৭২.১০৯.২৭.০২৭.১৯-৪৫৪; তারিখঃ ০৬/০৭/২০২১ খ্রি. এর মাধ্যমে Notification of Award (NOA) প্রদান করা হয়। Price and Delivery Schedule for Goods (Form e-PG3-3A) অনুযায়ী, চুক্তি স্বাক্ষরের তারিখ থেকে ৩০ দিনের মধ্যে মালামাল সরবরাহের সময়সীমা নির্ধারিত রয়েছে। সে মোতাবেক ০৯/০৬/২০২১ খ্রি. তারিখে সরবরাহকারীর উক্ত মালামাল সরবরাহের শর্ত ছিল। কিন্তু উক্ত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করা হয়নি এবং নিরীক্ষাকালে ২০/০৯/২০২১ খ্রি. তারিখে বাস্তব যাচাইয়ে ভান্ডারে উক্ত মালামাল পাওয়া যায়নি। কিন্তু বিল নম্বর ৩৯৩ তারিখঃ ২৭/০৬/২০২১ খ্রি. মূলে ৯৩,৯৬,৭৭৮/- টাকার বিল পরিশোধ করা হয়। বিস্তারিত পরিশিষ্ট-১

জিএফআর-১৫৫ ও ১৫৬ অনুযায়ী, মালামাল ক্রয় করা হলে তা স্টক রেজিস্টারে অন্তর্ভুক্ত করার প্রত্যয়ন সাপেক্ষে বিল পরিশোধ করতে হবে। কিন্তু এক্ষেত্রে উপরোক্ত বিধি অনুসরণ না করে চুক্তি অনুযায়ী পণ্য সরবরাহ না করা সত্ত্বেও সরবরাহকারীকে সম্পূর্ণ বিল পরিশোধ করায় ৯৩,৯৬,৭৭৮/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

**অনিয়মের কারণঃ**

জিএফআর-১৫৫ ও ১৫৬ লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

করোনা পরিস্থিতিতে বিদেশ থেকে আপত্তিকৃত মালামাল সরবরাহ পেতে বিলম্ব হচ্ছে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব স্বীকৃতিমূলক। মালামাল সরবরাহ না করা সত্ত্বেও সরবরাহকারীকে বিল পরিশোধ করা বিধি সম্মত হয়নি। উল্লেখ্য, উক্ত আর্থিক অনিয়মের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব বরাবর ১৭/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ০৮/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৪/০৩/২০২২ খ্রি. তারিখে ডিও লেটার ইস্যু করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বরঃ ০২**

**শিরোনামঃ পিপিআর, ২০০৮ লঙ্ঘনপূর্বক পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয় কাজে আরএফকিউ পদ্ধতিতে বার্ষিক আর্থিক ক্রয় ক্ষমতার সীমাতিরিক্ত ব্যয় ১৫,৬৭,৬৪৪/- (পনেরো লক্ষ সাতষট্টি হাজার ছয়শত চুয়াল্লিশ) টাকা**

**বিবরণঃ**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ২০২০-২০২১ অর্থবছরে পিপিআর, ২০০৮ লঙ্ঘনপূর্বক পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয় কাজে আরএফকিউ পদ্ধতিতে বার্ষিক আর্থিক ক্রয় ক্ষমতার সীমাতিরিক্ত ১৫,৬৭,৬৪৪/- টাকা ব্যয় করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় বিল-ভাউচার, ব্যয় বিবরণী ও কোটেশন সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায়,২০২০-২০২১ অর্থবছরে আরএফকিউ (RFQ) পদ্ধতিতে বৈদ্যুতিক সরঞ্জামাদি, আসবাবপত্র, ফটোকপিয়ার মেশিন, এন্টি ভাইরাস আল্ট্রাসোনিক হিউমিডিফায়ার মেশিন, ফাইল কভার, অনার বোর্ড ও নোট প্যাড ক্রয়ের জন্য পরিশিষ্টে উল্লিখিত ১৪টি কোটেশনের মাধ্যমে সরবরাহকারীগণকে মোট ৩০,৬৭,৬৪৪/- টাকা পরিশোধ করা হয়। বিস্তারিত পরিশিষ্ট-২

পিপিআর, ২০০৮ এর বিধি- ৬৯(১) তফসিল-২ মোতাবেক কোন ক্রয়কারী রাজস্ব বাজেটের অধীন বাজারে বিদ্যমান প্রমিত মানের স্বল্পমূল্যের সহজলভ্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা বছরে ১৫,০০,০০০/- (পনেরো লক্ষ টাকা) মূল্যসীমা অতিক্রম না করা সাপেক্ষে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি প্রয়োগের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন করতে পারবেন। আলোচ্যক্ষেত্রে, উক্ত বিধির লঙ্ঘন করে আরএফকিউ (RFQ) পদ্ধতিতে বাৎসরিক সিলিং এর অতিরিক্ত (৩০,৬৭,৬৪৪-১৫,০০,০০০)= ১৫,৬৭,৬৪৪/- টাকার ক্রয় কার্যসম্পাদনের মাধ্যমে অনিয়মিতভাবে অর্থ ব্যয় করা হয়েছে।

**অনিয়মের কারণঃ**

পিপিআর, ২০০৮ এর তফসিল-২, বিধি-৬৯(১) লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

অফিসের জরুরী প্রয়োজনে কাজ সম্পন্ন করা হয়েছে বিধায় বাৎসরিক সিলিং সীমা অতিক্রম করেছে। ভবিষ্যতে এ বিষয়ে সাবধানতা অবলম্বন করা হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব স্বীকৃতিমূলক। পিপিআর, ২০০৮ এর বিধি ৬৯(১) লঙ্ঘন করে অনিয়মিতভাবে ক্রয়কার্য সম্পাদন করা হয়েছে। উল্লেখ্য, উক্ত আর্থিক অনিয়মের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব বরাবর ১৭/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ০৮/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৪/০৩/২০২২ খ্রি. তারিখে ডিও লেটার ইস্যু করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

# প্রাণিসম্পদ অধিদপ্তর

অনুচ্ছেদ নম্বরঃ ০৩

**শিরোনামঃ দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের ১০% এর অধিক কম মূল্যে ঠিকাদারকে পূর্ত কাজের কার্যাদেশ প্রদান করায় অনিয়মিত ব্যয় ২১,৮০,৯০,৬৩০/- (একুশ কোটি আশি লক্ষ নব্বই হাজার ছয়শত ত্রিশ) টাকা।**

**বিবরণঃ**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা এর অধীন "ইনস্টিটিউট অব লাইভস্টক সায়েন্স এন্ড টেকনোলজি স্থাপন প্রকল্প" এর ২০২০-২০২১ অর্থবছরে দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের ১০% এর অধিক কম মূল্যে ঠিকাদারকে পূর্ত কাজের কার্যাদেশ প্রদানপূর্বক অনিয়মিতভাবে ২১,৮০,৯০,৬৩০/- টাকা ব্যয় করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় সংশ্লিষ্ট নথি, টেন্ডার ডকুমেন্টস ও বিল-ভাউচার যাচাইকালে পরিলক্ষতি হয়, পূর্ত কাজের জন্য প্যাকেজ নম্বর WD-09 এর বিপরীতে মেসার্স এসএসই এন্ড এসই (জেভি) কে ২২/০১/২০১৭ খ্রি. তারিখে ৩,৯৭,৬৬,৮৮৪/- টাকা চুক্তিমূল্যে কার্যাদেশ প্রদান করা হলেও উক্ত কাজের প্রাক্কলিত মূল্য ছিল ৫,৩২,২৩,১০৬/- টাকা। এক্ষেত্রে প্রাক্কলিত মূল্যের চেয়ে (৫,৩২,২৩,১০৬-৩,৯৭,৬৬,৮৮৪)= ১,৩৪,৫৬,২২২/- টাকা বা ২৫.২৮% কম মূল্যে কার্যাদেশ প্রদান করা হয়েছে। প্যাকেজ নম্বর-WD-08 এর বিপরীতে মেসার্স পিআর প্রকৌশল কে ১৯/০১/২০১৭ খ্রি. তারিখে ৬,৩৯,৫০,৬১৬/- টাকা চুক্তিমূল্যে কার্যাদেশ প্রদান করা হলেও উক্ত কাজের প্রাক্কলিত মূল্য ছিল ৮,২৫,০৭,২৪৩/- টাকা। এক্ষেত্রে প্রাক্কলিত মূল্যের চেয়ে (৮,২৫,০৭,২৪৩-৬,৩৯,৫০,৬১৬)= ১,৮৫,৫৬,৬২৭/- টাকা বা ২২.৪৯% কম মূল্যে কার্যাদেশ প্রদান করা হয়েছে। অনুরূপভাবে প্যাকেজ নম্বর WD-02 এর প্রাক্কলিত মূল্য ১৪,৩২,৬৪,৭২১/- টাকা হলেও ঠিকাদার মেসার্স বঙ্গ বিল্ডার্স এর সাথে ১১,৪৩,৭৩,১৩০/- টাকা চুক্তি সম্পাদন করা হয় এবং ১৯/০১/২০১৭ খ্রি. তারিখে প্রাক্কলিত মূল্যের চেয়ে (১৪,৩২,৬৪,৭২১-১১,৪৩,৭৩,১৩০)= ২,৮৮,৯১,৫৯১/- টাকা বা ২০.১৬% কম মূল্যে উক্ত ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয়। ফলে উক্ত ৩টি প্যাকেজের পূর্ত কাজের ক্ষেত্রে দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের ১০% এর অধিক কম মূল্যে ঠিকাদারকে কার্যাদেশ প্রদানের মাধ্যমে মোট (৩,৯৭,৬৬,৮৮৪+৬,৩৯,৫০,৬১৬+১১,৪৩,৭৩,১৩০)= ২১,৮০,৯০,৬৩০/- টাকা অনিয়মিতভাবে ব্যয় করা হয়েছে। বিস্তারিত পরিশিষ্ট-০৩

পিপিএ, ২০০৬ এর ধারা ৩১(৩) মোতাবেক কোন দরদাতা কর্তৃক দরপত্রে দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের ১০% এর অধিক কম বা বেশি দর উদ্ধৃত করা হলে উক্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে। কিন্তু এক্ষেত্রে উক্ত ধারা অনুসরণ করা হয়নি।

**অনিয়মের কারণঃ**

পিপিএ, ২০০৬ এর ধারা ৩১(৩) মোতাবেক দরপত্রে প্রাক্কলিত মূল্য অপেক্ষা ১০% এর অধিক কম বা বেশি দর উদ্ধৃত করা হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী যথাযথ প্রক্রিয়ায় দরপত্র আহবান করে দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে চুক্তি অনুযায়ী গুণগত মান বজায় রেখে কাজটি শেষ করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, পিপিএ, ২০০৬ এর ধারা ৩১(৩) কার্যকর হয়েছে ০১ আগস্ট ২০১৬। কিন্তু দরপত্র আহবান করা হয়েছে ২৭/০৯/২০১৬ খ্রি. তারিখের পর। ফলে দরদাতার উদ্ধৃত মূল্য প্রাক্কলিত মূল্যের ১০% এর কম হওয়া সত্ত্বেও দরপত্র বাতিল না করে কার্যাদেশ প্রদান করা হয়েছে। উল্লেখ্য, উক্ত আর্থিক অনিয়মের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব বরাবর ১৭/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ০৮/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৪/০৩/২০২২ খ্রি. তারিখে ডিও লেটার ইস্যু করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বরঃ ০৪**

**শিরোনামঃ এক কোডের অর্থ দ্বারা অন্য কোডভুক্ত কাজের বিল পরিশোধ করায় অনিয়মিত ব্যয় ১,১২,০০,০০০/- (এক কোটি বারো লক্ষ) টাকা।**

**বিবরণঃ**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা এর অধীন "কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রূণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প" এর ২০২০-২০২১ অর্থবছরে এক কোডের অর্থ দ্বারা অন্য কোডভুক্ত কাজের বিল পরিশোধপূর্বক ১,১২,০০,০০০/- টাকা অনিয়মিতভাবে ব্যয় করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় টেন্ডার নথি, ক্যাশ বই ও বিল-ভাউচার যাচাইয়ে দেখা যায়, প্যাকেজ নং-১০, লট-১ এর বিপরীতে সাভার ও রাজশাহীর ট্রেনিং সেন্টার মেরামত কাজের জন্য ইজিপি'তে দরপত্র আহ্বানপূর্বক সর্বনিম্ন দরদাতা মেসার্স মমতাজ এন্টারপ্রাইজকে কার্যাদেশ প্রদান করা হয়। উক্ত কাজ সম্পাদনপূর্বক সংশ্লিষ্ট ঠিকাদারকে অন্যান্য ভবন ও স্থাপনা মেরামত ও সংরক্ষণ কোড (৩২৫৮১০৮) হতে বিল পরিশোধ না করে অনিয়মিতভাবে যন্ত্রপাতি ও সরঞ্জামাদি মেরামত কোড (৩২৫৮১০৫) হতে ০৪টি বিলের মাধ্যমে (৭৭,৬৬,৮০০+২৫,৪৯,১০০+৮,৮১,৫০০+২,৬০০)= ১,১২,০০,০০০/- টাকা পরিশোধ করা হয়। উল্লেখ্য, বাজেট বরাদ্দ ও ব্যয় বিবরণীতে ৩২৫৮১০৮ কোডে কোন বরাদ্দ ছিল না। বিস্তারিত পরিশিষ্ট-০৪

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর স্মারক নম্বর ৩৫১(১) তারিখঃ ১৬/০৮/২০১৫ খ্রি. এর ক্রমিক নম্বর ৫(ক) মোতাবেক মন্ত্রণালয়, দপ্তর, অধীনস্থ অফিসসমূহকে যে উদ্দেশ্যে অর্থ বরাদ্দ প্রদান করা হয় সে উদ্দেশ্যেই ব্যয় করতে হবে। কিন্তু এক্ষেত্রে উক্ত নির্দেশনা লঙ্ঘন করে যথাযথ কোড থেকে বিল পরিশোধ না করে অন্য অর্থনৈতিক কোডের বরাদ্দ থেকে বিল পরিশোধ করা হয়েছে।

**অনিয়মের কারণঃ**

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর স্মারক নম্বর ৩৫১(১) তারিখঃ ১৬/০৮/২০১৫ খ্রি. এর ক্রমিক নম্বর ৫(ক) লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

সাভার ও রাজশাহীর ট্রেনিং সেন্টার মেরামতের ব্যয় নির্বাহের জন্য ডিপিপি'তে ৩২৫৮১০৫ কোডে অর্থ বরাদ্দ থাকায় উক্ত খাত হতে এই ব্যয় মিটানো হয়েছে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব স্বীকৃতিমূলক কিন্তু আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, যে উদ্দেশ্যে অর্থ বরাদ্দ প্রদান করা হয় সে উদ্দেশ্যেই ব্যয় করতে হবে। উল্লেখ্য, উক্ত আর্থিক অনিয়মের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব বরাবর ১৭/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ০৮/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৪/০৩/২০২২ খ্রি. তারিখে ডিও লেটার ইস্যু করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোনো জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বরঃ ০৫**

**শিরোনামঃ তরল নাইট্রোজেন ব্যবহার ও পরিবহনে অতিরিক্ত অপচয়/বাষ্পায়িত দেখানোর ফলে আর্থিক ক্ষতি ৫৪,৯৩,৮৬৪/- (চুয়ান্ন লক্ষ তিরানব্বই হাজার আটশত চৌষট্টি) টাকা।**

**বিবরণঃ**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা এর অধীন কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন, সাভার, ঢাকা এর ২০২০-২০২১ অর্থবছরে তরল নাইট্রোজেন ব্যবহার ও পরিবহনে অতিরিক্ত অপচয়/বাষ্পায়িত দেখানোর ফলে ৫৪,৯৩,৮৬৪/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় বাজেট বরাদ্দ, ব্যয় বিবরণী, স্টক ও বরাদ্দ রেজিস্টার ও বিল-ভাউচার যাচাইকালে পরিলক্ষিত হয়, প্যাকেজ নং জিআর-১, লট-১ এর আওতায় দরপত্রের মাধ্যমে মেসার্স লিন্ডে বাংলাদেশ হতে ১৫,০০,০০০ (পনেরো লক্ষ) লিটার তরল নাইট্রোজেন ক্রয়ের লক্ষ্যে চুক্তি সম্পাদন করা হয়। চুক্তি মোতাবেক ২০২০-২০২১ অর্থবছরে ১২,১৩,৭১৭ লিটার তরল নাইট্রোজেন সরবরাহ নেওয়া হয়। পূর্বের জের ১০,০০০ লিটার এবং সমাপনী জের ৩০০০ লিটারসহ সর্বমোট (১২,১৩,৭১৭+১০,০০০-৩০০০)= ১২,২০,৭১৭ লিটার প্রাপ্ত তরল নাইট্রোজেন ৫০ লিটার, ১৩ লিটার ও ২ লিটার ক্যানে সারা দেশের ২২টি কেন্দ্রে সরবরাহ করা হয়। অনুমোদিত কোন অপচয়/বাষ্পায়িত হার না থাকা সত্ত্বেও ১২,১৩,৭১৭ লিটার তরল নাইট্রোজেনের বিপরীতে ৪,১০,৯৬৯ লিটার অর্থাৎ ৩৩.৮৬% হারে অপচয়/বাষ্পায়িত দেখানো হয়।

তরল নাইট্রোজেনের আন্তর্জাতিক অপচয়/বাষ্পায়িত হওয়ার স্বীকৃত হার ৬.৬৭% হলেও আলোচ্যক্ষেত্রে ৩৩.৮৬% দেখানো হয়েছে। বাংলাদেশের জন্য তরল নাইট্রোজেনের বাষ্পায়িত/অপচয় এর সম্ভাব্য হার ১৫%। সে হিসেবে ১২,১৩,৭১৭ লিটারে অপচয়/বাষ্পায়িত হয় (১২,১৩,৭১৭×১৫%)= ১,৮২,০৫৮ লিটার। কিন্তু ৩৩.৮৬% হারে অপচয়/বাষ্পায়িত দেখানোর ফলে অতিরিক্ত অপচয়/বাষ্পায়িত হয়েছে (৪,১০,৯৬৯-১,৮২,০৫৮)= ২,২৮,৯১১ লিটার। প্রতি লিটার তরল নাইট্রোজেনের মূল্য ২৪/- টাকা হিসেবে সরকারের মোট (২,২৮,৯১১×২৪)= ৫৪,৯৩,৮৬৪/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে। বিস্তারিত পরিশিষ্ট-০৫

**অনিয়মের কারণঃ**

আন্তর্জাতিক অপচয়/বাষ্পায়িত হওয়া স্বীকৃত হারের অত্যাধিক হারে অপচয়/বাষ্পায়িত ধরা হয়েছে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

তরল নাইট্রোজেন এমন একটি পদার্থ যাহা সর্বদাই বাষ্পায়িত হতে থাকে এবং এক পর্যায়ে সম্পূর্ণ তরল পদার্থই বাষ্পায়িত হয়ে যায়। কাজেই ইহা গ্রহণ ও বিতরণ কালে স্বাভাবিক পর্যায়ে পড়ে। স্বাভাবিক পর্যায়ে বাষ্পায়িত হয় বিধায় আর্থিক ক্ষতি সাধিত হয়নি।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপাত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, তরল নাইট্রোজেনের বাষ্পায়িত হার ৩৩.৭৫% দেখানো যুক্তিযুক্ত নয় কারণ অষ্ট্রেলিয়াতে যেখানে এ হার ৬.৬৭%। অপচয়ের স্ট্যান্ডার্ড নির্ধারণ না করে উচ্চ হারে বাষ্পায়িত দেখানোর ফলে উক্ত আর্থিক ক্ষতি সাধিত হয়েছে। উল্লেখ্য, উক্ত আর্থিক অনিয়মের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব বরাবর ১৭/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ০৮/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৪/০৩/২০২২ খ্রি. তারিখে ডিও লেটার ইস্যু করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বরঃ ০৬**

**শিরোনামঃ টিকা ব্যবহার/বিক্রয় বাবদ ২৬,১২,১৭০/- (ছাব্বিশ লক্ষ বারো হাজার একশত সত্তর) টাকা সরকারি কোষাগারে জমা হয়নি।**

**বিবরণঃ**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা এর অধীন জেলা প্রাণিসম্পদ দপ্তর, সিরাজগঞ্জ এর ২০২০-২০২১ অর্থবছরে টিকা ব্যবহার/বিক্রয় বাবদ ২৬,১২,১৭০/- টাকা সরকারি কোষাগারে জমা হয়নি।

বিস্তারিত নিরীক্ষায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাসিক ও বার্ষিক অগ্রগতির প্রতিবেদন, বরাদ্দ-ব্যয় রেজিস্টার, বিল-ভাউচার যাচাইকালে পরিলক্ষিত হয়, সিরাজগঞ্জ প্রাণিসম্পদ দপ্তরের অধীন ০৯টি উপজেলা এলআরআই মহাখালী হতে প্রাপ্ত টিকা/ভ্যাকসিন কৃষক ও খামারীদের মধ্যে বিক্রয়/বিতরণ করা হয়। টিকা বিতরণ/বিক্রয় বাবদ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর (সদর) সিরাজগঞ্জ ২,৭৫,১৯৫/- টাকা আদায় করে। অনুরূপভাবে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, রায়গঞ্জ, সিরাজগঞ্জ ১,৮৮,৮৭৫/- টাকা; উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, শাহাজাদপুর, সিরাজগঞ্জ ৬,৭৬,০৬৫/- টাকা; উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, উল্লাপাড়া সিরাজগঞ্জ ৪,২০,৫৫৫/- টাকা; উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, বেলকুচি, সিরাজগঞ্জ ২,০৪,৫০৫/- টাকা; উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, তাড়াশ, সিরাজগঞ্জ ২,৫৩,০১৫/- টাকা; উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, কাজিপুর, সিরাজগঞ্জ ২,২৪,১৯০/- টাকা; উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, চৌহালি, সিরাজগঞ্জ ১,৮৫,৩০৫/- টাকা এবং উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, কামারখন্দ, সিরাজগঞ্জ ১,৮৪,৪৬৫/- টাকাসহ সর্বমোট (২,৭৫,১৯৫+১,৮৮,৮৭৫+৬,৭৬,০৬৫ +৪,২০,৫৫৫+২,০৪,৫০৫+২,৫৩,০১৫+২,২৪,১৯০+১,৮৫,৩০৫+১,৮৪,৪৬৫)= ২৬,১২,১৭০/- টাকা আদায় করে। কিন্তু উক্ত অর্থ সরকারি কোষাগারে জমার কোন প্রমাণক নিরীক্ষায় পাওয়া যায়নি। বিস্তারিত পরিশিষ্ট-৬

বাংলাদেশ ট্রেজারি রুলস (পার্ট-১) বিধি-৭(১) অনুযায়ী সরকারের রাজস্ব বাবদ অথবা সরকারের জিম্মায় জমা রাখার জন্য সরকারি কর্মচারীগণের দ্বারা গৃহীত অথবা তাদের নিকট জমাকৃত সমুদয় অর্থ অনতিবিলম্বে ব্যাংকে জমা করতে হবে এবং সরকারের হিসাবের অন্তর্ভুক্ত করতে হবে। কিন্তু আলোচ্যক্ষেত্রে উক্ত বিধি লঙ্ঘন করা হয়েছে।

**অনিয়মের কারণঃ**

বাংলাদেশ ট্রেজারী রুলস (পার্ট-১) বিধি-৭ (১) লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

নথিপত্র যাচাই করে পরবর্তীতে নিরীক্ষা অফিসকে জানানো হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, টিকা বিতরণ/বিক্রয় বাবদ অর্থ সরকারি কোষাগারে জমার প্রমাণক নিরীক্ষায় উপস্থাপন করা হয়নি। উল্লেখ্য, উক্ত আর্থিক অনিয়মের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব বরাবর ১৭/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ০৮/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৪/০৩/২০২২ খ্রি. তারিখে ডিও লেটার ইস্যু করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বরঃ ০৭**

**শিরোনামঃ সরবরাহকারীর সাথে যোগসাজশের মাধ্যমে অনিয়মিতভাবে ১,৪১,৯২,৫০৪/- (এক কোটি একচল্লিশ লক্ষ বিরানব্বই হাজার পাঁচশত চার) টাকা ব্যয় ।**

**বিবরণঃ**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা এর অধীন কেন্দ্রীয় মুরগি খামার, মিরপুর, ঢাকা; প্রাণিসম্পদ ঔষধাগার, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা এবং "মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)", খামারবাড়ি, ঢাকা এর ২০২০-২০২১ অর্থবছরে সরবরাহকারীর সাথে যোগসাজশের মাধ্যমে অনিয়মিতভাবে ১,৪১,৯২,৫০৪/- টাকা ব্যয় করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় টেন্ডার ডকুমেন্টস, দরপত্রের নথি ও বিল-ভাউচার পর্যালোচনায় দেখা যায়, কেন্দ্রীয় মুরগি খামার, মিরপুর, ঢাকা এর প্যাকেজ নং জিআর-৩, আইটেম-১ এর আওতায় মোরগ-মুরগির খাদ্য প্রোটিন কনসেনট্রেট সরবরাহের জন্য ইজিপিতে দরপত্র আহ্বান করা হয়। উক্ত আইটেমের আওতায় প্রতি কেজি ১৭০/- টাকা দরে ৪০,০০০ কেজির প্রাক্কলিত মূল্য ছিল ৬৮,০০,০০০/- টাকা। এক্ষেত্রে মাত্র ১টি ঠিকাদার প্রতিষ্ঠান মেসার্স পারভীন ট্রেডার্স দরপত্রে অংশগ্রহণ করে যার দাখিলকৃত দর প্রতি কেজি ১৬৯.৯৯৯ টাকা দরে মোট ৬৭,৯৯,৯৬০/- টাকা। দরদাতাকে রেসপনসিভ ঘোষণা করে স্মারক নং- ১২০১ তারিখঃ ২৯/১১/২০২০ খ্রি. মূলে কার্যাদেশ প্রদান করা হয় এবং ০৬টি বিলের মাধ্যমে ঠিকাদারকে ৪৭,৬০,০০০/- টাকা পরিশোধ করা হয়।

প্রাণিসম্পদ ঔষধাগারে ভেটেরিনারি ঔষধ সরবরাহের জন্য প্যাকেজ নম্বর জিআর-১ লট ১৫, ২০ ও ২৬ এর আওতায় ইজিপিতে দরপত্র আহ্বান করা হয়। লট ১৫ এর আওতায় প্রতি প্যাক নিওজাইম এর প্রাক্কলিত দর ৩৫/- টাকা ও ডায়াজেন্ট আইটেম এর প্রাক্কলিত দর ৩৩/- টাকা। এক্ষেত্রে কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদার মেসার্স সুপার পাওয়ার ফার্মাসিউটিক্যালস এর দাখিলকৃত দর যথাক্রমে ৩৪.৯৯১ টাকা ও ৩২.৯৯১ টাকা। অনুরূপভাবে, লট ২০ এর আওতায় সুপার ট্যানিক ও এমিনোম্যাক্স আইটেমে প্রতি প্যাকের প্রাক্কলিত দর যথাক্রমে ২১/- টাকা ও ২৯০/- টাকার বিপরীতে কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদার মেসার্স সুপার পাওয়ার ফার্মাসিউটিক্যলস এর দাখিলকৃত দর যথাক্রমে ২০.৯৯১ টাকা ও ২৮৯.৯৯১ টাকা। একইভাবে, লট ২৬ এর আওতায় প্রতি ভায়াল থায়াভেট ইনজেকশন ও প্রতি বোতল আয়রনডেক্স ইনজেকশন আইটেম এর প্রাক্কলিত দর যথাক্রমে ১১০/- টাকা ও ২৮৫/- টাকার বিপরীতে কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদার MIR Associcates এর দাখিলকৃত দর যথাক্রমে ১১০.০০১ টাকা ও ২৮৫.০০১ টাকা। উক্ত দরদাতাগণকে রেসপনসিভ ঘোষণা করে লট ১৫তে স্মারক নং- ১৬১ তারিখঃ ১৫/০২/২০২১ খ্রি. ও লট ২০ এ স্মারক নং- ৭২ তারিখঃ ২৭/০১/২০২১ খ্রি. এবং লট ২৬ এ স্মারক নং- ৩৩৩ তারিখঃ ১২/০৪/২০২১ খ্রি. মূলে কার্যাদেশ প্রদান করা হয়। বিল নং- ১৪৫ তারিখঃ ৩১/০৩/২০২১ খ্রি. অনুযায়ী ৬৮,২৪,২০৭/- টাকা এবং বিল নং- ১৭৯ তারিখঃ ০৪/০৫/২০২১ অনুযায়ী ৮,১১,৫৮৫/- টাকাসহ সর্বমোট (৬৮,২৪,২০৭+৮,১১,৫৮৫)= ৭৬,৩৫,৭৯২/- টাকা পরিশোধ করা হয়।

"মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)" এর অধীন মহিষ প্রজনন ও উন্নয়ন খামার, ফকিরহাট, বাগেরহাটে Construction of One Storied Modern Veterinary Dispensary প্যাকেজ নং- WD-06, Lot No-06 ও Construction of Labour waiting room with two nos toilet (Tin Shed) প্যাকেজ নং- WD-06, Lot No-07 কাজের জন্য কোটেশন বিজ্ঞপ্তি আহ্বান করা হয়। প্যাকেজ নং- WD-06 Lot No-06 এর জন্য দাপ্তরিক প্রাক্কলিত দর ছিল ৮,১৮,৮৮৯/- টাকা যার বিপরীতে স্মারক নং- ৯৮৪ তারিখঃ ০৬/৯/২০২০ খ্রি. মোতাবেক কার্যাদেশপ্রাপ্ত সর্বনিম্ন দরদাতা মেসার্স সুমাইয়া এন্টারপ্রাইজ এর দাখিলকৃত দর ৮,১৮,৮৮৯/- টাকা। অনুরূপভাবে, প্যাকেজ নং- WD-06, Lot No-07 এর জন্য দাপ্তরিক প্রাক্কলিত দর ৯,৭৭,৮২৩/- টাকা যার বিপরীতে স্মারক নং- ১০৮১ তারিখঃ ৩০/০৯/২০২০ খ্রি. অনুযায়ী কার্যাদেশপ্রাপ্ত সর্বনিম্ন দরদাতা মেসার্স মমতাজ এন্টারপ্রাইজ এর দাখিলকৃত দর ছিল ৯,৭৭,৮২৩/- টাকা। ২জন ঠিকাদারকে সর্বমোট (৮,১৮,৮৮৯+৯,৭৭,৮২৩)= ১৭,৯৬,৭১২/- টাকার কার্যাদেশ প্রদান করা হয়। ফলে তিনটি প্রতিষ্ঠানে সর্বমোট (৪৭,৬০,০০০+৭৬,৩৫,৭৯২+১৭,৯৬,৭১২)= ১,৪১,৯২,৫০৪/- টাকা অনিয়মিতভাবে কার্যাদেশ প্রদান করা হয়েছে। বিস্তারিত পরিশিষ্ট-০৭(১-৩)

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১২৭ এর উপবিধি ১ (গ) অনুযায়ী, ক্রয়কারী ক্রয় প্রক্রিয়াকালে তার কোন কর্মকর্তা বা কর্মচারী যাতে দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে জড়িত না হন তা নিশ্চিত করবেন। কিন্তু এক্ষেত্রে উক্ত বিধি লঙ্ঘন করে ঠিকাদারের সাথে যোগসাজশে প্রাক্কলিত দর প্রকাশের মাধ্যমে পছন্দের ঠিকাদারকে অনিয়মিতভাবে কার্যাদেশ প্রদান করা হয়েছে।

**অনিয়মের কারণঃ**

পিপিআর, ২০০৮ এর বিধি ১২৭ এর উপবিধি ১ (গ) লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

যেহেতু ইজিপি এর মাধ্যমে টেন্ডার আহ্বান করা হয়েছে, ঠিকাদারের দাখিলকৃত দরের উপর কর্তৃপক্ষের কোন এখতিয়ার নেই।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, ইজিপি সিস্টেমে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন হলেও বাজার দর, দাপ্তরিক প্রাক্কলন ইত্যাদির গোপনীয়তা রক্ষা করার দায়িত্ব প্রকিউরিং এনটিটির উপর বর্তায়। এক্ষেত্রে উক্ত গোপনীয়তা লঙ্ঘিত হয়েছে বলে প্রতীয়মান হয়। উল্লেখ্য, উক্ত আর্থিক অনিয়মের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব বরাবর ১৭/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ০৮/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৪/০৩/২০২২ খ্রি. তারিখে ডিও লেটার ইস্যু করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

# মৎস্য অধিদপ্তর

অনুচ্ছেদ নম্বর: ০৮

**শিরোনাম: আউটসোর্সিং কর্মচারীদের প্রাপ্যতাবিহীন প্রকল্প সহায়তা ভাতা নামে অর্থ উত্তোলন করায় সরকারের আর্থিক ক্ষতি ৮,৯৯,৬১৩/- (আট লক্ষ নিরানব্বই হাজার ছয়শত তেরো) টাকা।**

**বিবরণ:**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা এর অধীন "ব্রুড ব্যাংক স্থাপন প্রকল্প (৩য় পর্যায়)" এর ২০১৯-২০২০ অর্থবছরে আউটসোর্সিং কর্মচারীদের প্রাপ্যতাবিহীন প্রকল্প সহায়তা ভাতা নামে অর্থ উত্তোলন করায় সরকারের ৮,৯৯,৬১৩/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় সংশ্লিষ্ট প্রকল্পের নথি, চুক্তিপত্র, ক্যাশ বই ও বিল রেজিস্টার পর্যালোচনায় দেখা যায়, আউটসোর্সিং প্রক্রিয়ায় নিয়োগকৃত কর্মচারীদের অনুকূলে প্রকল্প সমাপ্তির শেষ দিন ৩১/১২/২০১৯ খ্রি. তারিখে অনিয়মিতভাবে প্রকল্প সহায়তা ভাতা বাবদ বিল নম্বর- ২৫৬, তারিখ: ৩১/১২/২০১৯ খ্রি. এর মাধ্যমে ৮,৯৯,৬১৩/- টাকা আয়ন-ব্যয়ন কর্মকর্তার নামে উত্তোলনপূর্বক উক্ত অর্থ নগদে পরিশোধ দেখানো হয়েছে। আউটসোর্সিং জনবল সরবরাহকারী ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তিপত্রেও কর্মচারীদের প্রকল্প সহায়তা ভাতা প্রদানের কোনো শর্তের উল্লেখ নেই। ফলে প্রকল্প সহায়তা ভাতা বাবদ অর্থ পরিশোধের কোনো সুযোগ নেই। বিস্তারিত পরিশিষ্ট-০৮

অর্থ মন্ত্রণালয়ের আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা-২০১৮ অনুযায়ী সেবাক্রয়ের ক্ষেত্রে সেবামূল্য নির্ধারণ সংক্রান্ত পরিপত্র নম্বর- ০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯-২৫৯; তারিখ: ১০/০৬/২০১৯ খ্রি. এর অনুচ্ছেদ নম্বর ৩ এর শর্ত অনুযায়ী আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবামূল্য নির্ধারণের ক্ষেত্রে সমপর্যায়ের কর্মচারীদের মাসিক প্রারম্ভিক মূল বেতন, বাড়ি ভাড়া ভাতা ও চিকিৎসা ভাতা বিবেচনায় নেওয়া হয়েছে। এছাড়াও বার্ষিক দুটি উৎসব ভাতা ও নববর্ষ ভাতা যোগ করে মাসিক প্রাপ্যতা নির্ণয়পূর্বক প্রস্তাবিত মাসিক সেবামূল্য নির্ধারণ করা হয়েছে। উক্ত পরিপত্রে আউটসোর্সিং সেবা প্রদানকারীকে প্রকল্প সহায়তা ভাতা প্রদানের কোনো নির্দেশনা নেই।

কিন্তু আলোচ্যক্ষেত্রে উক্ত পরিপত্রের নির্দেশনা লঙ্ঘন করে প্রকল্প সহায়তা ভাতা বাবদ অনিয়মিতভাবে অর্থ পরিশোধ করায় সরকারের ৮,৯৯,৬১৩/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

**অনিয়মের কারণ:**

অর্থ মন্ত্রণালয়ের আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা-২০১৮ অনুযায়ী সেবাক্রয়ের ক্ষেত্রে সেবামূল্য নির্ধারণ সংক্রান্ত পরিপত্র নম্বর-০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯-২৫৯; তারিখ: ১০/০৬/২০১৯ খ্রি. এর অনুচ্ছেদ নম্বর ৩ এর শর্ত অনুসরণ না করে আউটসোর্সিং কর্মচারীদের প্রকল্প সহায়তা ভাতা নামে অর্থ পরিশোধ।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

নিরীক্ষাকালীন অডিট মেমো গ্রহণ ও জবাব প্রদানে বিরত থাকে এবং পরবর্তীতে ব্রডশীট জবাবে জানানো হয় যে অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী আউটসোর্সিং সেবা প্রদানকারীরা সেবার বিনিময়ে প্রকল্প শেষে প্রকল্প সহায়তা ভাতা বাবদ কোন অর্থ পাবে না তা সুস্পষ্টভাবে উল্লেখ নেই। তাই দরিদ্র কর্মচারীদেরকে প্রকল্প শেষে প্রকল্প সহায়তা ভাতা হিসেবে অর্থ পরিশোধ করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য:**

নিরীক্ষাকালীন অডিট মেমোর প্রেক্ষিতে নিরীক্ষিত প্রকল্প অফিস কর্তৃক অডিট মেমো গ্রহণ ও জবাব প্রদানে বিরত থাকে। অডিট কোড- ৫৯ এবং ট্রেজারি রুলস্ এর অধীনে সাবসিডিয়ারি রুলস্- ৪৩৭ এর নির্দেশনা অনুযায়ী জবাব প্রদানের বাধ্যবাধকতা থাকলেও তা অনুসরণ করা হয়নি। পরবর্তীতে প্রকল্প অফিস কর্তৃক প্রেরিত ব্রডশীট জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ আউটসোর্সিং কর্মচারীদের প্রাপ্য সুবিধাসমূহ অর্থ মন্ত্রণালয়ের পরিপত্রে উল্লেখ আছে। এক্ষেত্রে প্রকল্প সহায়তা ভাতা নামে অর্থ পরিশোধ করার সুযোগ নেই। উল্লেখ্য, উক্ত আর্থিক অনিয়মের বিষয়ে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বরাবর ১৭/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ১৩/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৫/০৩/২০২২ খ্রি. তারিখে ডিও লেটার ইস্যু করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোনো জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ:**

দায়ী ব্যক্তিদের নিকট থেকে আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর: ০৯

**শিরোনাম: মূলধন খাতের (অনাবাসিক ভবন নির্মাণ) বরাদ্দ হতে বিধি বহির্ভূতভাবে মেরামত খাতের ব্যয় নির্বাহ করায় সরকারের আর্থিক ক্ষতি ২৯,৯৯,৩৮৮/- (উনত্রিশ লক্ষ নিরানব্বই হাজার তিনশত আটাশি) টাকা।**

**বিবরণ:**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা এর ২০২০-২০২১ অর্থবছরে মূলধন খাতের (অনাবাসিক ভবন নির্মাণ) বরাদ্দ হতে বিধি বহির্ভূতভাবে মেরামত খাতের ব্যয় নির্বাহ করায় সরকারের ২৯,৯৯,৩৮৮/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে ।

বিস্তারিত নিরীক্ষায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নথি ও বিল-ভাউচার পর্যালোচনায় দেখা যায় যে, লিফটের সম্মুখ দেয়ালের (৩য়-১২তলা) মেরামত ও সংস্কার, ৭ম, ৮ম ও ১০ম তলার করিডোর এবং সিঁড়িকোঠা মেরামত, আইসিটি সার্ভার কক্ষ ও ভবনের ছাদের গোডাউন মেরামত ও সংস্কার, কক্ষ নং- ৬১৬, ৬১৩, ৬১১, ৫০২, ৫০৪, ৫০৬ এর রংকরণ এবং মৎস্য ভবনের সম্মেলন কক্ষ, ২য় তলার টয়লেট, ৯ম তলার লাইব্রেরি রিমডেলিং, গ্রাউন্ড ফ্লোরের প্রোটেকশন গ্রীল এবং কলাপসিবল গেট সংস্কার কাজ বাবদ ৫টি বিলের মাধ্যমে ২৯,৯৯,৩৮৮/- টাকা ব্যয় করা হয়েছে। উক্ত মেরামত ও সংরক্ষণ প্রধান খাতের অধীন অনাবাসিক ভবন মেরামত (কোড-৩২৫৮১০৭) খাত হতে নির্বাহযোগ্য হলেও এক্ষেত্রে অনিয়মিতভাবে মূলধন ব্যয়ের অনাবাসিক ভবন খাত (অর্থনৈতিক কোড-৪১১১২০১) হতে ব্যয় নির্বাহ করা হয়। উল্লেখ্য, বাজেটের শ্রেণিবিন্যাস অনুযায়ী মেরামত ও সংরক্ষণ খাতের কোড নম্বর ৩২৫৮ এবং মূলধন খাতের কোড নম্বর ৪১১১। অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত মূলধন খাতের (অনাবাসিক ভবন নির্মাণ) খাতের বরাদ্দ হতে মেরামত ও সংরক্ষণ খাতের ব্যয় নির্বাহ করা যাবে না। কিন্তু এক্ষেত্রে মৎস্য অধিদপ্তর কর্তৃক অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত অনিয়মিতভাবে মূলধন খাতের বরাদ্দ হতে মেরামত ও সংরক্ষণ খাতের ব্যয় নির্বাহ করা হয়েছে যা আর্থিক শৃঙ্খলার পরিপন্থি। বিস্তারিত পরিশিষ্ট-৯

আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর অর্থ বিভাগে বিবেচনার জন্য প্রেরিতব্য বিষয়াবলির তালিকার ক্রমিক নম্বর ৪(ক) অনুযায়ী অর্থ বিভাগের অনুমোদন সাপেক্ষে রাজস্ব ব্যয় হতে মূলধন ব্যয়ে অথবা মূলধন ব্যয় হতে রাজস্ব ব্যয়ে পুনঃউপযোজন ব্যতীত ব্যয় নির্বাহ করা যাবে না। এছাড়াও উক্ত আদেশ এর অনুচ্ছেদ ৫(ক) এর নির্দেশনা অনুযায়ী, যে উদ্দেশ্যে অর্থ বরাদ্দ প্রদান করা হয় সেই উদ্দেশ্যে তা ব্যয় করার বাধ্যবাধকতা থাকলেও তা পরিপালন না করে অনাবাসিক ভবন মেরামত ও সংস্কার কাজে মূলধন খাতের বরাদ্দ হতে অনিয়মিতভাবে ২৯,৯৯,৩৮৮/- টাকা ব্যয় নির্বাহ করা হয়েছে।

**অনিয়মের কারণ:**

আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর ক্রমিক নম্বর ৫ (ক) এবং অর্থ বিভাগে প্রেরিতব্য বিষয়াবলির তালিকার ক্রমিক নম্বর ৪ (ক) এর নির্দেশনা অনুসরণ না করে মূলধন খাতের বরাদ্দ হতে মেরামত ও সংরক্ষণ খাতের ব্যয় নির্বাহ করা হয়েছে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

মৎস্য অধিদপ্তরের অধীন ২০২০-২০২১ অর্থবছরে অনাবাসিক ভবন মেরামত (৩২৫৮১০৭) খাতে ২০ লক্ষ টাকা এবং অনাবাসিক ভবন (৪১১১২০১) খাতে ৩০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়। সে মোতাবেক উক্ত কোডসমূহে (অনাবাসিক ভবন) মেরামত ও সংস্কার খাতে উক্ত অর্থ ব্যয় করা হয়েছে। এখানে কোডে কোন ব্যত্যয় হয়নি।

**নিরীক্ষা মন্তব্য:**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, মূলধন খাতে বরাদ্দ থাকলেও অর্থ বিভাগের অনুমোদনপূর্বক পুনঃউপযোজন ব্যতীত মূলধন বরাদ্দ হতে রাজস্ব ব্যয় নির্বাহ করার কোনো সুযোগ নেই। এক্ষেত্রে বিদ্যমান আর্থিক বিধি ও পদ্ধতি অনুসরণ ব্যতীত মূলধন খাতের ব্যয় হতে রাজস্ব খাতের ব্যয় নির্বাহ করা হয়েছে। উল্লেখ্য, উক্ত আর্থিক অনিয়মের বিষয়ে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বরাবর ১৭/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ১৩/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৫/০৩/২০২২ খ্রি. তারিখে ডিও লেটার ইস্যু করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোনো জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ:**

আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বর: ১০**

**শিরোনাম: গাড়ি মেরামত খাতে আর্থিক ক্ষমতার সীমাতিরিক্ত ব্যয় নির্বাহ করায় সরকারের আর্থিক ক্ষতি ২১,৫৩,৫০০/- (একুশ লক্ষ তিপ্পান্ন হাজার পাঁচশত) টাকা।**

**বিবরণ:**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা এর অধীন "ব্রুড ব্যাংক স্থাপন প্রকল্প (৩য় পর্যায়)" এবং "ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প" এর ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরে গাড়ি মেরামত খাতে আর্থিক ক্ষমতার সীমাতিরিক্ত ব্যয় নির্বাহ করায় সরকারের ২১,৫৩,৫০০/-টাকা আর্থিক ক্ষতি হয়েছে ।

বিস্তারিত নিরীক্ষায় সংশ্লিষ্ট নথি, বিল-ভাউচার, গাড়ির তালিকা ও লগ বই যাচাইয়ে দেখা যায়, "ব্রুড ব্যাংক স্থাপন প্রকল্পের" ২০১৯-২০২০ অর্থবছরে প্রকল্প মেয়াদের শেষ ৬ মাসে আর্থিক ক্ষমতার সীমা লঙ্ঘন করে গাড়ি নম্বর ঢাকা মেট্রো-ঠ-১৩-৩৫৬০ এর মেরামত বাবদ ৩,২৬,৫৬০/- টাকা, গাড়ি নম্বর ঢাকা মেট্রো-ঠ-১৩-৩৪৩৭ এর মেরামত বাবদ ২,৫৪,৭৪০/- টাকা ও গাড়ি নম্বর ঢাকা মেট্রো-ঠ-১৩-৪৫২৩ এর মেরামত বাবদ ১,৭২,৩০০/- টাকা ব্যয় করা হয়। এছাড়াও বিল-ভাউচারে গাড়ির নম্বর উল্লেখ না করে গাড়ি মেরামত বাবদ অনিয়মিতভাবে ২,২০,১০০/- টাকা ব্যয় করা হয়। অর্থাৎ উক্ত প্রকল্পের ০৩ (তিন)টি গাড়ির মেরামত বাবদ এক অর্থবছরে মোট (৩,২৬,৫৬০+ ২,৫৪,৫৪০ +১,৭২,৩০০+২,২০,১০০)= ৯,৭৩,৫০০/- টাকা ব্যয় করা হয়েছে।

অনুরূপভাবে, "ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের" অধীন ০৬টি উপ-প্রকল্প পরিচালক এর কার্যালয়ে ২০২০-২০২১ অর্থবছরে ০৬টি গাড়ির মেরামত বাবদ ১৬,৩০,০০০/- টাকা ব্যয় করা হয়েছে।

আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর ক্রমিক নম্বর ৫ এর কলাম ৫ ও ৬ অনুযায়ী উন্নয়ন বাজেটের অধীনে ক এবং খ শ্রেণির প্রকল্পের প্রকল্প পরিচালকগণ বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে এক অর্থবছরে একটি গাড়ি মেরামতের জন্য অনূর্ধ্ব ৫০,০০০/- টাকা খরচ করতে পারেন। কিন্তু আলোচ্যক্ষেত্রে উক্ত নির্দেশনা লঙ্ঘন করে "ব্রুড ব্যাংক স্থাপন প্রকল্পের" ০৩ (তিন) টি গাড়ির মেরামত বাবদ প্রাপ্য (৫০,০০০×৩)= ১,৫০,০০০/- টাকার বিপরীতে (৯,৭৩,৫০০-১,৫০,০০০)= ৮,২৩,৫০০/- টাকা এবং "ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের" ০৬ (ছয়) টি গাড়ির মেরামত বাবদ প্রাপ্য (৫০,০০০×৬)= ৩,০০,০০০/- টাকার বিপরীতে (১৬,৩০,০০০-৩,০০,০০০)= ১৩,৩০,০০০/- টাকা আর্থিক ক্ষমতা বহির্ভূতভাবে ব্যয় করা হয়েছে। ফলে উক্ত দুইটি প্রকল্পে গাড়ি মেরামত বাবদ অনিয়মিতভাবে আর্থিক ক্ষমতার সীমাতিরিক্ত ব্যয় করায় সরকারের (৮,২৩,৫০০+১৩,৩০,০০০)= ২১,৫৩,৫০০/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে। বিস্তারিত পরিশিষ্ট: ১০(১-২)

**অনিয়মের কারণ:**

উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর ক্রমিক নম্বর ৫ এর কলাম ৫ ও ৬ এর নির্দেশনা পরিপালন না করে আর্থিক ক্ষমতার সীমাতিরিক্ত ব্যয়।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

নিরীক্ষাকালীন প্রকল্প ০২টি অডিট মেমো গ্রহণ ও জবাব প্রদানে বিরত থাকে।

**নিরীক্ষা মন্তব্য:**

নিরীক্ষাকালীন অডিট মেমোর প্রেক্ষিতে নিরীক্ষিত প্রকল্প অফিস কর্তৃক অডিট মেমো গ্রহণ ও জবাব প্রদানে বিরত থাকে। অডিট কোড- ৫৯ এবং ট্রেজারি রুলস্ এর অধীনে সাবসিডিয়ারি রুলস্- ৪৩৭ এর নির্দেশনা অনুযায়ী জবাব প্রদানের বাধ্যবাধকতা থাকলেও তা অনুসরণ করা হয়নি। উল্লেখ্য, উক্ত আর্থিক অনিয়মের বিষয়ে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বরাবর ১৭/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ১৩/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৫/০৩/২০২২ খ্রি. তারিখে ডিও লেটার ইস্যু করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ:**

আর্থিক ক্ষমতার সীমাতিরিক্ত ব্যয় নির্বাহ করার বিষয়ে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বর: ১১**

**শিরোনাম: গাড়ির ব্যবহার সংক্রান্ত বিতরণ তালিকা বহির্ভূত গাড়ির জ্বালানি ও মেরামত বাবদ আর্থিক ক্ষতি ৩১,২৬,৯৯৬/- (একত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার নয়শত ছিয়ানব্বই) টাকা।**

**বিবরণ:**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা এর ২০২০-২০২১ অর্থবছরে গাড়ির ব্যবহার সংক্রান্ত বিতরণ তালিকা বহির্ভূত গাড়ির জ্বালানি ও মেরামত ব্যয় বাবদ সরকারের ৩১,২৬,৯৯৬/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় অর্গানোগ্রাম, গাড়ির তালিকা সংক্রান্ত অফিস আদেশ, ক্যাশ বই, গাড়ির জ্বালানি ও মেরামত সংক্রান্ত নথি এবং বিল-ভাউচার পর্যালোচনায় দেখা যায়, মৎস্য অধিদপ্তরের গাড়ি ব্যবহার সংক্রান্ত বিতরণ তালিকা বহির্ভূত ১৪টি গাড়িতে জ্বালানি বাবদ ২৫,৭৮,৪৪৬/- টাকা এবং মেরামত বাবদ ৫,৪৮,৫৩০/- টাকাসহ মোট (২৫,৭৮,৪৪৬ +৫,৪৮,৫৩০)= ৩১,২৬,৯৯৬/- টাকা ব্যয় করা হয়। বিস্তারিত পরিশিষ্ট-১১(১-৩)

মৎস্য অধিদপ্তরের টিওএন্ডই তে ৫৬টি গাড়ির সংস্থান থাকলেও উক্ত অধিদপ্তরের অফিস আদেশ নং- ১৩৮৭, তারিখ: ১৭/০৮/২০২০ খ্রি. এর মাধ্যমে প্রশাসনিক ও দাপ্তরিক কাজে ব্যবহারের লক্ষ্যে গাড়ির নম্বর ও রেজিস্ট্রেশন নম্বরসহ মোট ২৬টি সচল গাড়ির তালিকা সংবলিত আদেশ জারি করা হয় এবং গাড়ি ব্যবহার সংক্রান্ত বিতরণ তালিকা বহির্ভূত ১৪টি গাড়িসহ মোট ৪০টি সচল গাড়ি চলাচল দেখিয়ে জ্বালানি ও মেরামত বাবদ ব্যয় করা হয়। কিন্তু ১৪টি গাড়ি কোথায় ব্যবহার হচ্ছে বা ব্যবহারকারীর নাম ও ঠিকানা অনুমোদিত তালিকায় উল্লেখ নেই। ১৪টি গাড়ির লগ বই এবং ড্রাইভারদের বেতন কিভাবে দেওয়া হচ্ছে তার কোন প্রমাণক পাওয়া যায়নি। কিন্তু উক্ত অফিস আদেশে উল্লিখিত গাড়ি ব্যবহার সংক্রান্ত বিতরণ তালিকা বহির্ভূত ১৪টি গাড়িতে জ্বালানি ও মেরামত ব্যয় করায় সরকারের ৩১,২৬,৯৯৬/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

**অনিয়মের কারণ:**

মৎস্য অধিদপ্তরের গাড়ি ব্যবহার সংক্রান্ত অফিস আদেশ নম্বর- ১৩৮৭, তারিখ: ১৭/০৮/২০২০ খ্রি. এর তালিকা বহির্ভূত গাড়ির জ্বালানি ও মেরামত বাবদ ব্যয়।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

ক্রমান্বয়ে পুষ্টি চাহিদা পূরণ, মেধাশক্তি সক্রিয় রাখা, কর্মসংস্থান সৃষ্টি এবং জাতীয় ক্ষেত্রে জিডিপিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে মৎস্য অধিদপ্তরকে গতিশীলকরণে বর্ণিত যানবাহনসমূহ ব্যবহৃত হচ্ছে। মৎস্য অধিদপ্তরের টিওএন্ডইতে যানবাহনের সংখ্যা ৫৬টি। সুতরাং বর্ণিত যানবাহন টিওএন্ডই বহির্ভূত নয়।

**নিরীক্ষা মন্তব্য:**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, গাড়িসমূহ টিওএন্ডই-তে অন্তর্ভুক্তির কথা উল্লেখ থাকলেও গাড়িসমূহ টিওএন্ডই-তে অন্তর্ভুক্তি সংক্রান্ত অফিস আদেশ এবং ব্যবহারকারীর নাম নেই। অর্থাৎ ১৪টি গাড়ি মৎস্য অধিদপ্তর কর্তৃক অনুমোদিত গাড়ির তালিকা বহির্ভূত। অনুমোদিত তালিকা বহির্ভূত গাড়ির ব্যয় নির্বাহ করার সুযোগ নেই বিধায় উক্ত অর্থ আদায়যোগ্য। উল্লেখ্য, উক্ত আর্থিক অনিয়মের বিষয়ে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বরাবর ১৭/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ১৩/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৫/০৩/২০২২ খ্রি. তারিখে ডিও লেটার ইস্যু করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ:**

আপত্তিকৃত অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বরঃ ১২**

**শিরোনামঃ আরডিপিপিতে সংস্থান না থাকা সত্ত্বেও এবং ওটিএম এর পরিবর্তে আরএফকিউ পদ্ধতিতে এআইজিএ ও বেড়জাল ক্রয় করায় অনিয়মিত ব্যয় ৮,২৩,৬৫,২৮০/- (আট কোটি তেইশ লক্ষ পঁয়ষট্টি হাজার দুইশত আশি) টাকা।**

**বিবরণঃ** মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা এর অধীন "বৃহত্তর কুমিল্লা জেলায় মৎস্য উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)", মৎস্য অধিদপ্তর, কুমিল্লা এর ২০২০-২০২১ অর্থবছরে আরডিপিপিতে সংস্থান না থাকা সত্ত্বেও এবং ওটিএম এর পরিবর্তে আরএফকিউ পদ্ধতিতে এআইজিএ ও বেড়জাল ক্রয়পূর্বক অনিয়মিতভাবে ৮,২৩,৬৫,২৮০/- টাকা ব্যয় করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় প্রকল্পের ডিপিপি, এপিপি এবং এআইজিএ ও বেড়জাল ক্রয় সংক্রান্ত নথি ও বিল ভাউচার পর্যালোচনায় দেখা যায় যে, বৃহত্তর কুমিল্লা জেলায় মৎস্য উন্নয়ন প্রকল্পের আওতায় কুমিল্লা, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া জেলার ২৮টি উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক ওটিএম এর পরিবর্তে আরএফকিউ পদ্ধতিতে এআইজিএ উপকরণ ক্রয়পূর্বক বিভিন্ন ঠিকাদার প্রতিষ্ঠানকে ৬,২৩,৮৯,০৩০/- টাকা পরিশোধ করা হয়। অনুরূপভাবে, অত্র প্রকল্পের আওতায় কুমিল্লা, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া জেলার **১১**টি উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক ওটিএম এর পরিবর্তে আরএফকিউ পদ্ধতিতে বেড়জাল ক্রয়পূর্বক বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠানকে **১**,৯৯,৭৬,২৫০/- টাকা পরিশোধ করা হয়। ফলে সরবরাহকারী প্রতিষ্ঠানকে এআইজিএ ও বেড়জাল ক্রয় বাবদ সর্বমোট (৬,২৩,৮৯,০৩০+১,৯৯,৭৬,২৫০)= ৮,২৩,৬৫,২৮০/- টাকা অনিয়মিতভাবে ব্যয় করা হয়। বিস্তারিত পরিশিষ্ট-**১২**

পিপিআর, ২০০৮ এর বিধি-৬১(১) মোতাবেক বিশেষ পরিস্থিতিতে নির্দিষ্ট কোন ক্রয়ের ক্ষেত্রে অথবা মূল্যসীমার পরিপ্রেক্ষিতে অন্যান্য ক্রয় পদ্ধতির কোন একটি পদ্ধতির ব্যবহার অধিকতর যুক্তিযুক্ত না হলে, পণ্য ও সংশ্লিষ্ট সেবা, কার্য বা ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে অগ্রে বিবেচ্য পদ্ধতি হিসেবে উন্মুক্ত দরপত্র পদ্ধতি প্রয়োগ করতে হবে। উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর ক্রমিক নং-৩৮(ছ) মোতাবেক অধস্তন কর্তৃপক্ষের অনুমোদন ক্ষমতার মধ্যে রাখার জন্য কোন আইটেম ভেঙ্গে ভেঙ্গে ক্রয় করা যাবে না। ডিপিপি'র সংযোজনী-৩(ক) অনুযায়ী কুমিল্লা, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া জেলার জন্য এআইজিএ উপকরণ (পণ্য-২২, ২৩ ও ২৪) এবং কুমিল্লা, চাদঁপুর ও ব্রাহ্মণবাড়িয়া জেলার জন্য বেড়জাল ক্রয় (পণ্য-১৮ ও ১৯) ওটিএম পদ্ধতিতে করার বাধ্যবাধকতা রয়েছে।

আলোচ্যক্ষেত্রে, উক্ত নির্দেশনা পরিপালন না করে উন্মুক্ত টেন্ডার আহ্বানের পরিবর্তে আরএফকিউ পদ্ধতিতে এআইজিএ উপকরণ এবং বেড়জাল ক্রয়পূর্বক অনিয়মিতভাবে ৮,২৩,৬৫,২৮০/- টাকা ব্যয় করা হয়েছে।

**অনিয়মের কারণঃ**

পিপিআর, ২০০৮ এর বিধি-৬১(১), উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর ক্রমিক নং-৩৮(ছ) এবং আরডিপিপি'র সংযোজনী-৩(ক) লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

নথিপত্র যাচাই বাছাই পূর্বক পরবর্তীতে জবাব প্রদান করা হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

নিরীক্ষাকালীন অডিট মেমোর প্রেক্ষিতে নিরীক্ষিত প্রকল্প অফিস কর্তৃক জবাব প্রদানে বিরত থাকে। অডিট কোড-৫৯ এবং ট্রেজারি রুলস্ এর অধীনে সাবসিডিয়ারি রুলস্-৪৩৭ এর নির্দেশনা অনুযায়ী জবাব প্রদানের বাধ্যবাধকতা থাকলেও তা অনুসরণ করা হয়নি। উল্লেখ্য, উক্ত আর্থিক অনিয়মের বিষয়ে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বরাবর ১৭/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ১৩/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৫/০৩/২০২২ খ্রি. তারিখে ডিও লেটার ইস্যু করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

পিপিআর, ২০০৮ অনুসরণ না করায় দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বরঃ ১৩**

**শিরোনামঃ অকেজো জাহাজ নিলামে বি ক্রয় না করে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনে সংরক্ষণ বাবদ বার্থিং, ডেকহ্যান্ড এবং রাজস্ব কর্মচারীদের বিল পরিশোধ বাবদ সরকারের আর্থিক ক্ষতি ৪২,৭৮,৫১০/- (বিয়াল্লিশ লক্ষ আটাত্তর হাজার পাঁচশত দশ) টাকা।**

**বিবরণঃ**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা এর অধীন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তার কার্যালয়, সামুদ্রিক মৎস্য জরিপ ব্যবস্থাপনা ইউনিট, চট্টগ্রাম এর ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরে অকেজো জাহাজ নিলামে বিক্রয় না করে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনে সংরক্ষণ বাবদ বার্থিং, ডেকহ্যান্ড এবং রাজস্ব কর্মচারীদের বিল পরিশোধ বাবদ সরকারের ৪২,৭৮,৫১০/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় জাহাজ সংরক্ষণ ও ব্যয় সংক্রান্ত নথি, বরাদ্দ, জাহাজের ভাড়া সংক্রান্ত নথি ও বিল, বিএফডিসি'র Rate and Rent Chart পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত দপ্তরের আর ভি অনুসন্ধান (৩২.০০ মিটার) এবং আর ভি মাছরাঙ্গা (২০.০০ মিটার) জাহাজ ২টি বিগত ১২/০৫/২০১০ খ্রি. হতে অকেজো ঘোষিত হয়। দীর্ঘ ১২ বছরেরও বেশি সময় অতিবাহিত হবার পরও অদ্যাবধি তা নিলামে বিক্রয় করা হয়নি। ফলে জাহাজগুলোর সংরক্ষণ বাবদ বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, Chattogram Fish Harbor কে বিগত ২ বছরে ২৪,৯৩,১৫০/- টাকা পরিশোধ করা হয়। এছাড়াও উক্ত কাজের ডেকহ্যান্ড বাবদ ১১ জন এবং রেভিনিউ কর্মচারী ৩ জনকে নিয়মিতভাবে সুদীর্ঘকাল যাবৎ জাহাজ সংরক্ষণ স্থলে দায়িত্ব পালন করতে হচ্ছে। অথচ এক্ষেত্রে সরকারের অর্জন শুণ্য (০)। বরং রাজস্ব খাতের ৩ জন কর্মচারীকে গত ২ বছরে ১৭,৮৫,৩৬০/- টাকা পরিশোধ করা হয়েছে। এক্ষেত্রে সর্বমোট (২৪,৯৩,১৫০+ ১৭,৮৫,৩৬০)= ৪২,৭৮,৫১০/- টাকা ব্যয় করা হয়েছে। উল্লেখ্য, ১০/০৪/২০২২ খ্রি. তারিখে দৈনিক প্রথম আলো পত্রিকায় '০২টি জাহাজ অকেজো অবস্থায় ফেলে রাখা বছরে ২৪ লক্ষ টাকা গচ্চা' শিরোনামে সংবাদ প্রকাশিত হয়েছে। বিস্তারিত পরিশিষ্ট- ১৩

মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীন দপ্তর/সংযুক্ত দপ্তর/পরিদপ্তরের মোটরযান, নৌ-যান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালার ১০.৩ অনুচ্ছেদ অনুযায়ী অকেজো ঘোষণার পর নৌযান টেন্ডারের মাধ্যমে বিক্রয় করতে হবে। কিন্তু উক্ত আদেশ মোতাবেক অকেজো জাহাজ নিলামে বিক্রয় না করে বিএফডিসিতে সংরক্ষণ বাবদ বার্থিং, ডেকহ্যান্ড এবং রাজস্ব কর্মচারীদের বিল পরিশোধ করায় ৪২,৭৮,৫১০/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

**অনিয়মের কারণঃ**

মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীন দপ্তর/সংযুক্ত দপ্তর/পরিদপ্তরের মোটরযান, নৌ-যান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালার ১০.৩ অনুচ্ছেদ অনুযায়ী অকেজো ঘোষণার পর নৌযান টেন্ডারের মাধ্যমে বিক্রয় করতে হবে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

যেহেতু জাহাজ ২টি বিএফডিসি মৎস্য বন্দর চট্টগ্রাম এর বেসিনে রক্ষিত আছে। তাই জাহাজদ্বয়ের নিরাপত্তার স্বার্থেই রাজস্ব খাতের জনবলকে জাহাজে পদায়ন করা হয়েছে। যা জাহাজ দুটি বিক্রয় না হওয়া পর্যন্ত অব্যাহত রাখতে হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব স্বীকৃতিমূলক। অকেজো জাহাজদ্বয় নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করে বিক্রিত অর্থ সরকারি কোষাগারে জমা করতে হবে। উল্লেখ্য, উক্ত আর্থিক অনিয়মের বিষয়ে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বরাবর ১৭/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ১৩/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৫/০৩/২০২২ খ্রি. তারিখে ডিও লেটার ইস্যু করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

অকেজো জাহাজ নিলামে বিক্রয় না করায় আর্থিক ক্ষতির বিষয়ে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করা আবশ্যক।

তারিখঃ ২৯-০৩-১৪৩০ বঙ্গাব্দ
১৩-০৭-২০২৩ খ্রিষ্টাব্দ।

মহাপরিচালক
কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর

ফারমীন মাওলা
মহাপরিচালক
কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (১৫ তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

# দ্বিতীয় অংশ

# পরিশিষ্টসমূহ

অনুচ্ছেদ নম্বর: ০১
পরিশিষ্ট নম্বর: ০১

# পোল্ট্রি গবেষণা ও উন্নয়ন জোরদারকরণ প্রকল্প
## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
## অর্থবছর: ২০২০-২০২১

পণ্য সরবরাহ না করা সত্ত্বেও সরবরাহকারীকে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী:

| কাজের নাম | টেন্ডার প্যাকেজ নম্বর | ঠিকাদারের নাম | কার্যাদেশ নম্বর ও তারিখ | কার্যাদেশ মূল্য (টাকা) | বিল নম্বর ও তারিখ | পরিশোধিত মূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ইনকিউবেটর সরবরাহ | পিজি ১৪ | বাংলাদেশ সাইন্স হাউজ | ৪৫৪, তারিখ : ০৬/০৬/২০২১ (এনওএ) | ৯৪,৯৫,০০০/- | ৩৯৩, ২৭/০৬/২১ | ৯৩,৯৬,৭৭৮/- |

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
অর্থবছর: ২০২০-২০২১

পিপিআর, ২০০৮ লঙ্ঘনপূর্বক পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয় কাজে আরএফকিউ পদ্ধতিতে বার্ষিক আর্থিক ক্রয় ক্ষমতার সীমাতিরিক্ত ব্যয়ের বিবরণী:

| ক্রমিক নম্বর | মালামালের বিবরণ | সরবরাহকারীর নাম | বিল নম্বর ও তারিখ | পরিশোধিত টাকা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | বৈদ্যুতিক সরঞ্জাম | শাপলা এন্টারপ্রাইজ | ৩১৩, ১১/০৪/২১ | ১,৮০,৯০০/- |
| ২ | আসবাবপত্র | প্যারাডাইম আর্কিটেক্টস এন্ড ইঞ্জিনিয়ারস | ১৫১, ১০/১২/২১ | ২,৯৯,৪৫৯/- |
| ৩ | আসবাবপত্র | মোটিফ ফার্নিচার সল্যুশান লিঃ | ১৫৩, ০৭/০১/২১ | ২,৯৩,৫৭০/- |
| ৪ | আসবাবপত্র | হরাইজন কনস্ট্রাকশন এন্ড ডেভেলপমেন্টস লিঃ | ১৭২, ১২/০১/২১ | ২,৯৯,৮৫০/- |
| ৫ | আসবাবপত্র | আলম মেটাল প্রোডাক্টস | ২৬২, ১১/০৩/২১ | ২,২৪,৮৬০/- |
| ৬ | আসবাবপত্র | প্যানোরমা এন্টারপ্রাইজ | ৪১৭, ১৪/০৬/২১ | ২,০৮,৪৬০/- |
| ৭ | আসবাবপত্র | হাজী ট্রেডার্স, ২৮/এ-১, টয়েনবি সার্কুলার রোড, ঢাকা | ৩৪৩, ০১/০৬/২১ | ২,৬৯,৯৫০/- |
| ৮ | ফটোকপিয়ার মেশিন | পারফেক্ট ইলেকট্রোনিক্স | ২৫৬, ০১/০৬/২১ | ২,২৯,৫০০/- |
| ৯ | এন্টি ভাইরাস আল্ট্রাসোনিক হিউমিডিফায়ার মেশিন | কনফিডেন্স বিজনেজ সেন্টার, ২০৬-২০৭,সুমন সুপার মার্কেট,৩৩,বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা | ৩৬১, ২০/০৫/২১ | ২,৭৩,৯১৫/- |
| ১০ | এন্টি ভাইরাস আল্ট্রাসোনিক হিউমিডিফায়ার মেশিন | শাপলা এন্টারপ্রাইজ | ৪০৯, ১৩/০৬/২১ | ২,১৪,১২০/- |
| ১১ | বৈদ্যুতিক সরঞ্জাম | পারফেক্ট ইলেকট্রোনিক্স | ৪০৩, ১৩/০৬/২১ | ১,৭৭,৩৬০/- |
| ১২ | ফাইল কভার | প্রাপ্তি গ্রাফিক্স লাইন | ২৮১, ০৪/০৪/২১ | ২,০০,০০০/- |
| ১৩ | অনার বোর্ড | হাজী ট্রেডার্স, ২৮/এ-১, টয়েনবি সার্কুলার রোড, ঢাকা | ২৩৫, ১৫/০২/২১ | ৮৮,৫০০/- |
| ১৪ | নোটপ্যাড | পারফেকশন | ৪৬৫, ২২/০৬/২১ | ১,০৭,২০০/- |
| | | | সর্বমোট ব্যয় | ৩০,৬৭,৬৪৪/- |
| | | | সিলিং সীমা | ১৫,০০,০০০/- |
| | | | অতিরিক্ত ব্যয় (-) | ১৫,৬৭,৬৪৪/- |

অনুচ্ছেদ নম্বর: ০৩
পরিশিষ্ট নম্বর: ০৩

# ইনস্টিটিউট অব লাইভস্টক সায়েন্স এন্ড টেকনোলজি স্থাপন প্রকল্প
## প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা
## অর্থবছর: ২০২০-২০২১

দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের ১০% এর অধিক কম মূল্যে ঠিকাদারকে পূর্ত কাজের কার্যাদেশ প্রদান করায় অনিয়মিত ব্যয়ের বিবরণী:

| ক্রমিক নম্বর | কাজের নাম | ঠিকাদারের নাম | প্যাকেজ নম্বর | দরপত্র প্রকাশের তারিখ | কার্যাদেশের তারিখ | প্রাক্কলিত মূল্য (টাকা) | চুক্তি মূল্য (টাকা) | শতকরা হার (কম) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | পূর্ত কাজ | মেসার্স এসএসই এন্ড এসই (জেভি) | WD-09 | ২৬/১০/১৬ | ২২/০১/১৭ | ৫,৩২,২৩,১০৬/- | ৩,৯৭,৬৬,৮৮৪/- | ২৫.২৮% |
| ২ | | মেসার্স পিআর প্রকৌশল | WD-08 | ২৮/০৯/১৬ | ১৯/০১/১৭ | ৮,২৫,০৭,২৪৩/- | ৬,৩৯,৫০,৬১৬/- | ২২.৪৯% |
| ৩ | | মেসার্স বঙ্গ বিল্ডার্স | WD-02 | ২৮/০৯/১৬ | ১৯/০১/১৭ | ১৪,৩২,৬৪,৭২১/- | ১১,৪৩,৭৩,১৩০/- | ২০.১৬% |
| | | | | | | মোট | ২১,৮০,৯০,৬৩০/- | |

অনুচ্ছেদ নম্বর: ০৪
পরিশিষ্ট নম্বর: ০৪

## কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রূণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প
## প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা
### অর্থবছর: ২০২০-২০২১

এক কোডের অর্থ দ্বারা অন্য কোডভুক্ত কাজের বিল পরিশোধ করায় অনিয়মিত ব্যয়ের বিবরণী:

| ক্রমিক নম্বর | কাজের নাম | ঠিকাদারের নাম | প্যাকেজ নম্বর | পরিশোধযোগ্য কোড | পরিশোধিত কোড | বিল নম্বর ও তারিখ | বিলের টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | সাভার ও রাজশাহী ট্রেনিং সেন্টার মেরামত | মেসার্স মমতাজ এন্টারপ্রাইজ | প্যাকেজ নং-১০, লট-১ | ৩২৫৮১০৮ (অন্যান্য ভবন স্থাপনা মেরামত) | ৩২৫৮১০৫ (যন্ত্রপাতি ও সরঞ্জাম মেরামত) | ৪৮ (১ম রানিং), ০৭/০৩/২১ | ৭৭,৬৬,৮০০/- |
| | | | | | | ৯৮ (২য় রানিং), ০৩/০৫/২১ | ২৫,৪৯,১০০/- |
| | | | | | | ১২১ (৩য় রানিং), ০২/০৬/২১ | ৮,৮১,৫০০/- |
| | | | | | | ১২৬ (চূড়ান্ত), ০৬/০৬/২১ | ২,৬০০/- |
| মোট | | | | | | | ১,১২,০০,০০০/- |

অনুচ্ছেদ নম্বর: ০৫
পরিশিষ্ট নম্বর: ০৫

## কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা
### অর্থবছর: ২০২০-২০২১

তরল নাইট্রোজেন ব্যবহার ও পরিবহনে অতিরিক্ত অপচয়/বাষ্পায়িত দেখানোর ফলে আর্থিক ক্ষতির বিবরণী:

| মোট নাইট্রোজেন | মোট বাষ্পায়িত | প্রদর্শিত বাষ্পায়িত হার | বাষ্পায়িত হার ১৫% ধরে অপচয় | অতিরিক্ত বাষ্পায়িত | প্রতি লিটারের মূল্য | ক্ষতির পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ (৪-২) | ৬ | ৭(৫×৬) |
| ১২,১৩,৭১৭ লি. | ৪,১০,৯৬৯ লি. | ৩৩.৮৬% | ১,৮২,০৫৮ লি. | ২,২৮,৯১১ লি. | ২৪/- | ৫৪,৯৩,৮৬৪/- |

স্থানীয় প্রতিষ্ঠানের স্টক রেজিস্টারের হিসাব নিম্নরূপ:

জুলাই/২০ হতে জুন/২১ পর্যন্ত মোট প্রাপ্তি-১২,১৩,৭১৭ লি. পূর্বের জের-১০,০০০ লি. এবং সমাপনি মজুদ-৩০০০ লি.
১২,২০,৭১৭ লি. (১২,১৩,৭১৭ লি.+১০,০০০ লি.-৩০০০লি.) (-) বাষ্পায়িত= ৪,১০,৯৬৯ লি. (৩৩.৭৫%) অবশিষ্ট-৩,০০০ লি.

অনুচ্ছেদ নম্বর: ০৬
পরিশিষ্ট নম্বর: ০৬

# জেলা প্রাণিসম্পদ অফিস, প্রাণিসম্পদ অধিদপ্তর, সিরাজগঞ্জ
## অর্থবছর: ২০২০-২০২১

সরকারি টিকা ব্যববহার/বিক্রয় বাবদ অর্থ সরকারি কোষাগারে জমা না হওয়ার বিবরণী:

| ক্রমিক নম্বর | দপ্তরের নাম | ২০২০-২০২১ অর্থবছরে ব্যবহৃত টিকার পরিমাণ (টি) | টিকার বিপরীতে আদায়কৃত অর্থ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর (সদর), সিরাজগঞ্জ | ৯,০২,৯১০ | ২,৭৫,১৯৫/- |
| ২ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | ৭,৪৬,৫৮০ | ১,৮৮,৮৭৫/- |
| ৩ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, শাহাজাদপুর, সিরাজগঞ্জ | ৮,০৬,৮৪০ | ৬,৭৬,০৬৫/- |
| ৪ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, উল্লাপাড়া সিরাজগঞ্জ | ১০,৩৯,১০৮ | ৪,২০,৫৫৫/- |
| ৫ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, বেলকুচি, সিরাজগঞ্জ | ৬,৮৭,৪৮৮ | ২,০৪,৫০৫/- |
| ৬ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, তাড়াশ, সিরাজগঞ্জ | ৭,২২,২০০ | ২,৫৩,০১৫/- |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, কাজিপুর, সিরাজগঞ্জ | ৮,৫০,২৯০ | ২,২৪,১৯০/- |
| ৮ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, চৌহালি, সিরাজগঞ্জ | ৭,৭১,৫১৬ | ১,৮৫,৩০৫/- |
| ৯ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, কামারখন্দ, সিরাজগঞ্জ | ৭,০৬,৯৪৮ | ১,৮৪,৪৬৫/- |
| | | মোট | ২৬,১২,১৭০/- |

অনুচ্ছেদ নম্বর: ০৭
পরিশিষ্ট নম্বর: ০৭(১-৩)

## সারাংশ

সরবরাহকারীর সাথে যোগসাজশের মাধ্যমে কার্যাদেশপূর্বক অনিয়মিত ব্যয়ের বিবরণী:

| ক্রমিক নম্বর | পরিশিষ্ট নম্বর | প্রতিষ্ঠানের নাম | জড়িত টাকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | ৭.১ | কেন্দ্রীয় মুরগি খামার, প্রাণিসম্পদ অধিদপ্তর, মিরপুর, ঢাকা | ৪৭,৬০,০০০/- |
| ২ | ৭.২ | প্রাণিসম্পদ ঔষধাগার, প্রাণিসম্পদ অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা | ৭৬,৩৫,৭৯২/- |
| ৩ | ৭.৩ | মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা | ১৭,৯৬,৭১২/- |
| | | মোট | ১,৪১,৯২,৫০৪/- |

অনুচ্ছেদ নম্বর: ০৭
পরিশিষ্ট নম্বর: ০৭.১

## কেন্দ্রীয় মুরগি খামার, প্রাণিসম্পদ অধিদপ্তর, মিরপুর, ঢাকা
## অর্থবছর: ২০২০-২০২১

সরবরাহকারীর সাথে যোগসাজশের মাধ্যমে কার্যাদেশপূর্বক অনিয়মিত ব্যয়ের বিবরণী:

| প্যাকেজ ও আইটেম নম্বর | পণ্যের নাম | ঠিকাদারের নাম | প্রাক্কলিত একক দর | ঠিকাদারের দাখিলকৃত ও বিলে পরিশোধিত দর | অনুমোদিত দর | বিল নম্বর ও তারিখ | পরিশোধিত টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| জিআর – ৩ আইটেম: ১ | প্রোটিন কনসেনট্রেট | মেসার্স পারভীন ট্রেডার্স | ১৭০ টাকা প্রতি কেজি | ১৭০ টাকা প্রতি কেজি | ১৭০ টাকা প্রতি কেজি | ১৪৯, ১৫/০২/২১ | ৭,৬৫,০০০/- |
| | | | | | | ১৮৬, ১৫/০৪/২১ | ৮,৫০,০০০/- |
| | | | | | | ১৭২, ২২/০৩/২১ | ৮,৫০,০০০/- |
| | | | | | | ১২২, ২০/০১/২১ | ৪,২৫,০০০/- |
| | | | | | | ২২১, ০১/০৬/২১ | ১০,২০,০০০/- |
| | | | | | | ৯১, ০৩/১২/২০ | ৮,৫০,০০০/- |
| | মোট | | | | | | ৪৭,৬০,০০০/- |

অনুচ্ছেদ নম্বর: ০৭
পরিশিষ্ট নম্বর: ০৭.২

## প্রাণিসম্পদ ঔষধাগার, প্রাণিসম্পদ অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা
## অর্থবছর: ২০২০-২০২১

সরবরাহকারীর সাথে যোগসাজশের মাধ্যমে কার্যাদেশপূর্বক অনিয়মিত ব্যয়ের বিবরণী:

| প্যাকেজ ও আইটেম নম্বর | পণ্যের নাম | ঠিকাদারের নাম | প্রাক্কলিত একক দর | ঠিকাদারের দাখিলকৃত ও বিলে পরিশোধিত দর | বিল নম্বর ও তারিখ | পরিশোধিত টাকা |
|---|---|---|---|---|---|---|
| জিআর-১, লট ১৫ | নিওজাইম | মেসার্স সুপার পাওয়ার ফার্মাসিউটিক্যালস | ৩৫/- প্রতি প্যাক | ৩৪.৯৯১ প্রতি প্যাক | ১৪৫, ৩১/০৩/২১ | ৬৮,২৪,২০৭/- |
| | ডায়াজেন্ট | | ৩৩/- প্রতি প্যাক | ৩২.৯৯১ প্রতি প্যাক | | |
| জিআর-১, লট ২০ | সুপার ট্যানিক | | ২১/- প্রতি স্যাচ | ২০.৯৯১ প্রতি স্যাচে | | |
| | এমিনোম্যাক্স | | ২৯০/- প্রতি বোতল | ২৮৯.৯৯১ প্রতি বোতল | | |
| জিআর-১, লট ২৬ | থায়াভেট ইনজেকশন | মেসার্স মীর এসোসিয়েটস | ১১০/- প্রতি ভায়াল | ১১০.০০১ প্রতি ভায়াল | ১৭৯, ০৪/০৫/২১ | ৮,১১,৫৮৫/- |
| | আয়রনডেক্স ইনজেকশন | | ২৮৫/- প্রতি বোতল | ২৮৫.০০১ প্রতি বোতল | | |
| | | | | | মোট | ৭৬,৩৫,৭৯২/- |

অনুচ্ছেদ নম্বর: ০৭
পরিশিষ্ট নম্বর: ০৭.৩

# মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)
## প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা
## অর্থবছর: ২০২০-২০২১

সরবরাহকারীর সাথে যোগসাজশের মাধ্যমে কার্যাদেশপূর্বক অনিয়মিত ব্যয়ের বিবরণী;

| প্যাকেজ ও আইটেম নং | কাজের নাম | ঠিকাদারের নাম | প্রাক্কলিত দর (টাকা) | ঠিকাদারের দাখিলকৃত দর (টাকা) | কার্যাদেশ মূল্য (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ডব্লিউ ডি–৬ লট:৬ | কন্সট্রাকশন অব ওয়ান স্টোরিড মডার্ন ভেটেরিনারি ডিসপেন্সারি | মেসার্স সুমাইয়া এন্টারপ্রাইজ | ৮,১৮,৮৮৯/- | ৮,১৮,৮৮৯/- | ৮,১৮,৮৮৯/- | ডব্লিউ ডি–৬ লট: ৬ কাজটি ১৬/০৫/২১ তারিখে এবং ডব্লিউ ডি–৬ লট: ৭ কাজটি ০১/০৬/২০ তারিখে সমাপ্ত হলেও ২০২০-২১ অর্থবছরে কোন অর্থ পরিশোধ করা হয়নি। |
| ডব্লিউ ডি–৬ লট:৭ | কন্সট্রাকশন অব লেবার ওয়িটিং রুম উইদ টু টয়লেট | মেসার্স মমতাজ এন্টারপ্রাইজ | ৯,৭৭,৮২৩/- | ৯,৭৭,৮২৩/- | ৯,৭৭,৮২৩/- | |
| মোট | | | | | ১৭,৯৬,৭১২/- | |

অনুচ্ছেদ নম্বর: ০৮
পরিশিষ্ট নম্বর: ০৮

# ব্রুড ব্যাংক স্থাপন প্রকল্প (৩য় পর্যায়) (১ম সংশোধিত)
## মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা
### অর্থবছর: ২০১৯-২০২০

আউটসোর্সিং কর্মচারীদের প্রাপ্যতাবিহীন প্রকল্প সহায়তা ভাতা নামে অর্থ উত্তোলন করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী:

| ক্রমিক নম্বর | প্রকল্পের নাম | দায়ী কর্মকর্তার নাম ও পদবী | আউটসোর্সিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান | কাজের নাম/বিবরণ | বিল নম্বর ও তারিখ | বিল পরিশোধের সময় | উত্তোলনকৃত অর্থ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | ব্রুড ব্যাংক স্থাপন প্রকল্প (৩য় পর্যায়) | জনাব মোঃ সিরাজুর রহমান, প্রকল্প পরিচালক | প্রোগ্রাম সাপোর্ট প্রফেশনাল লিমিটেড | প্রকল্পের আওতায় আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগকৃত ৫ জন কর্মচারীর প্রকল্প সহায়তা ভাতা | ২৫৬ ৩১/১২/১৯ | ৩১ ডিসেম্বর/১৯ | ৮,৯৯,৬১৩/- | প্রকল্প সমাপ্তির শেষ দিন ৩১/১২/২০১৯ খ্রি. তারিখ অনিয়মিতভাবে প্রকল্প সহায়তা ভাতা নামে অর্থ উত্তোলন। |

অনুচ্ছেদ নম্বর: ০৯
পরিশিষ্ট নম্বর: ০৯

## প্রধান কার্যালয়, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা
## অর্থবছর: ২০২০-২০২১

মূলধন খাতের (অনাবাসিক ভবন নির্মাণ) বরাদ্দ হতে বিধি বহির্ভূতভাবে মেরামত খাতের ব্যয় নির্বাহ করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী:

| ক্রমিক নম্বর | কোড নম্বর | কাজের বিবরণ | সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম | কার্যাদেশ নং ও তারিখ | চুক্তি মূল্য | ভাউচার নং ও তারিখ | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | (৪১১১২০১) অনাবাসিক ভবন | লিফটের সম্মুখ দেয়ালের (৩য়-১২তলা) মেরামত ও সংস্কার | মেসার্স খায়ের এন্টারপ্রাইজ | ৫৫, ১১/০৩/২০২১ | ৫,৯৯,৫৩৫/- | ১১৭৩ ২১/০৬/২১ | ৫,৯৯,৫০০/- |
| ২. | -ঐ- | ৭ম, ৮ম ও ১০ম তলার করিডোর এবং সিঁড়ি কোঠা মেরামত | দিলিপ এন্টারপ্রাইজ ২৬/এ/১ তোপখানা রোড, শাহবাগ | ৯৯, ২০/০৪/২০২১ | ৪,৫৮,১০০/- | ১১৭৪ ২১/০৬/২১ | ৪,৫৭,৯৯৮/- |
| ৩. | -ঐ- | আইসিটি সার্ভার কক্ষ ও ভবনের ছাদের গোডাউন মেরামত ও সংস্কার কাজ | থার্ড আই, ৫৭/ই, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা | ৯২, ১৩/০৪/২০২১ | ৪,৪১,৯০০/- | ৯৮৪ ১৩/০৬/২১ | ৪,৪১,৯০০/- |
| ৪. | -ঐ- | কক্ষ নং- ৬১৬, ৬১৩, ৬১১, ৫০২, ৫০৪, ৫০৬ এর রং করণ কাজ বাবদ | এসএম এন্টার প্রাইজ, ১/১ পুরানা পল্টন লাইন, ঢাকা | ৮৩/১, ১৪/০৫/২০২০ | ১,০৭,৮৯২/- | ২৭০ ১০/১১/২০২০ | ১,০৭,০০০/- |
| ৫. | ঐ | মৎস্য ভবনের সম্মেলন কক্ষ, ২য় তলার টয়লেট, ৯ম তলার লাইব্রেরি রিমডেলিং, গ্রাউন্ড ফ্লোরের প্রোটেকশন গ্রীল এবং কলাপসিবল গেট সংস্কার কাজ | মেসার্স মোনালিসা, ৩৭/১/ডি/১, উলন রোড, পশ্চিম রামপুরা, ঢাকা | ৬৪, ১৮/০২/২০১৯ | ৫২,৫০,০০০/- | ২৭১ ১০/১১/২০২০ | ১৩,৯২,৯৯০/- |
| | | | | | | মোট | ২৯,৯৯,৩৮৮/- |

অনুচ্ছেদ নম্বর: ১০
পরিশিষ্ট নম্বর: ১০ (১-২)

# সার-সংক্ষেপ

## অর্থবছর: ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১

গাড়ি মেরামত খাতে আর্থিক ক্ষমতার সীমাতিরিক্ত ব্যয় নির্বাহ করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী:

| ক্রমিক নম্বর | প্রকল্পের নাম | অর্থবছর | বিলের সংখ্যা | গাড়ির সংখ্যা | গাড়ি মেরামত বাবদ ব্যয় | আর্থিক ক্ষমতা | আর্থিক ক্ষমতা অতিরিক্ত ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | ব্রুড ব্যাংক স্থাপন প্রকল্প (৩ য় পর্যায়), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা | ২০১৯-২০২০ | ৮০টি | ০৩টি | ৯,৭৩,৫০০/- | ১,৫০,০০০/- | ৮,২৩,৫০০/- |
| ০২ | ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা | ২০২০-২০২১ | ৫৭টি | ০৬টি | ১৬,৩০,০০০/- | ৩,০০,০০০/- | ১৩,৩০,০০০/- |
| | | | ১৩৭টি | ০৯টি | ২৬,০৩,৫০০/- | ৪,৫০,০০০/- | ২১,৫৩,৫০০/- |

অনুচ্ছেদ নম্বর: ১০

পরিশিষ্ট নম্বর: ১০ (১)

## ব্রুড ব্যাংক স্থাপন প্রকল্প (৩য় পর্যায়), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা
## অর্থবছর: ২০১৯-২০২০

গাড়ি মেরামত খাতে আর্থিক ক্ষমতার সীমাতিরিক্ত ব্যয় নির্বাহ করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী:

| ক্রমিক নম্বর | গাড়ি নম্বর | সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম | বিল নং ও তারিখ | বিবরণ | জড়িত টাকা | মোট টাকা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | ঢাকা মেট্রো-ঠ-১৩-৩৫৬০ | ঐতিহ্য মটরস | ১০৮ ১৫/১০/১৯ | যানবাহন মেরামত ব্যয় | ৯,০০০/- | ২৫,০০০/- |
| ২ | ঐ | নুর মটরস | ১০৮, ১৫/১০/১৯ | ঐ | ১৬,০০০/- | |
| ৩ | ঐ | রুপালী লুব এন্ড অটোস | ১০৭, ১৫/১০/১৯ | ঐ | ১৮,৫০০/- | ১৮,৫০০/- |
| ৪ | ঐ | মামুন অটোস পার্টস | ১৩৭, ০৩/১১/১৯ | ঐ | ১৯,০০০/- | ২৫,০০০/- |
| ৫ | ঐ | ফাহাদ কার সার্ভিস সেন্টার | ১৩৭, ০৩/১১/১৯ | ঐ | ৬,০০০/- | |
| ৬ | ঐ | নুর মটরস | ১৫৩, ১৭/১১/১৯ | ঐ | ৯,০০০/- | ২৫,০০০/- |
| ৭ | ঐ | মারজীয়া মটরস | ১৫৩, ১৭/১১/১৯ | ঐ | ১২,৫০০/- | |
| ৮ | ঐ | মোহনা টায়ার এন্ড ব্যাটারী | ১৫৩, ১৭/১১/১৯ | ঐ | ৩,৫০০/- | |
| ৯ | ঐ | মেসার্স প্রগতি ওয়ার্কসপ | ১৮৭, ১৭/১১/১৯ | ঐ | ২,৪৯০/- | ২,৪৯০/- |
| ১০ | ঐ | মামুন মটরস | ১৭৮ ০৩/১২/১৯ | ঐ | ২৫,০০০/- | ২৫,০০০/- |
| ১১ | ঐ | আলীফ অটোমোবাইলস | ১৭৯, ০৩/১২/১৯ | ঐ | ১৫,০০০/- | ২৫,০০০/- |
| ১২ | ঐ | প্রগতি মটর ওয়ার্কশপ | ১৭৯, ০৩/১২/১৯ | ঐ | ১০,০০০/- | |
| ১৩ | ঐ | ঐতিহ্য মটরস | ৭৫, ১৮/৯/১৯ | ঐ | ৪,০০০/- | ২৫,০০০/- |
| ১৪ | ঐ | মামুন অটোস পার্টস | ৭৫, ১৮/৯/১৯ | ঐ | ২১,০০০/- | |
| ১৫ | ঐ | ঐতিহ্য মটরস | ৭৪, ১৮/৯/১৯ | ঐ | ১৮,৫০০/- | ২২,৫০০/- |
| ১৬ | ঐ | প্রগতি মটর ওয়ার্কশপ | ৭৪, ১৮/৯/১৯ | ঐ | ২,৫০০/- | |
| ১৭ | ঐ | হাসেম কার ডেকোরেশন | ৭৪, ১৮/৯/১৯ | ঐ | ১,৫০০/- | |
| ১৮ | ঐ | মোহনা টায়ার এন্ড ব্যাটারী | ৪২, ২০/৮/১৯ | ঐ | ৯৭০/- | ২৪,৬৭০/- |
| ১৯ | ঐ | ঐতিহ্য মটরস | ৪২, ২০/৮/১৯ | ঐ | ২৩,৭০০/- | |
| ২০ | ঐ | আলিফ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ | ৭৯, ১৮/৯/১৯ | ঐ | ২,৬০০/- | ৭,৬০০/- |
| ২১ | ঐ | প্রগতি মটর ওয়ার্কশপ | ৭৯, ১৮/৯/১৯ | ঐ | ৫,০০০/- | |
| ২২ | ঐ | ঐতিহ্য মটরস | ৩৮, ২০/৮/১৯ | ঐ | ২৪,০০০/- | ২৪,০০০/- |
| ২৩ | ঐ | মামুন অটোস পার্টস | ৩৯, ২০/৮/১৯ | ঐ | ২৩,৯০০/- | ২৩,৯০০/- |
| ২৪ | ঐ | মাসুম মটরস | ২৭, ৭/৮/১৯ | ঐ | ২০,০০০/- | ২৫,০০০/- |
| ২৫ | ঐ | মামুন অটোস পার্টস | ২৭, ৭/৮/১৯ | ঐ | ৫,০০০/- | |

| ক্রমিক নম্বর | গাড়ি নম্বর | সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম | বিল নং ও তারিখ | বিবরণ | জড়িত টাকা | মোট টাকা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ২৬ | ঐ | ঐতিহ্য মটরস | ২৯, ৭/৮/১৯ | ঐ | ১৪,৫০০/- | ২৪,৯০০/- |
| ২৭ | ঐ | প্রগতি মটর ওয়ার্কশপ | ২৯, ৭/৮/১৯ | ঐ | ১০,৪০০/- | |
| ২৮ | ঐ | জাকিয়া ট্রেডার্স | ২৮, ৭/৮/১৯ | ঐ | ৩,০০০/- | ৩,০০০/- |
| | | | | | উপমোট | ৩,২৬,৫৬০/- |
| ২৯ | ঢাকা মেট্রো-ঠ-১৩-৩৪৩৭ | প্রগতি মটর ওয়ার্কশপ | ১০৯ ১৫/১০/১৯ | যানবাহন মেরামত ব্যয় | ৪,৫০০/- | ৪,৫০০/- |
| ৩০ | ঐ | প্রগতি মটর ওয়ার্কশপ | ১০১, ১৮/৯/১৯ | ঐ | ২২,৫০০/- | ২৫,০০০/- |
| ৩১ | ঐ | নুর মটরস | ১০১, ১৮/৯/১৯ | ঐ | ২,৫০০/- | |
| ৩২ | ঐ | ঐতিহ্য মটরস | ১৩৫, ৩/১১/১৯ | ঐ | ১৩,২০০/- | ২৫,০০০/- |
| ৩৩ | ঐ | মামুন অটোস পার্টস | ১৩৫, ৩/১১/১৯ | ঐ | ১১,৮০০/- | |
| ৩৪ | ঐ | নুর মটরস | ১৫২, ১৭/১১/১৯ | ঐ | ২৪,০০০/- | ২৫,০০০/- |
| ৩৫ | ঐ | মোহনা টায়ার এন্ড ব্যাটারী | ১৫২, ১৭/১১/১৯ | ঐ | ১,০০০/- | |
| ৩৬ | ঐ | আলিফ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ | ১৮৪, ৩/১২/১৯ | ঐ | ১৪,০০০/- | ১৪,০০০/- |
| ৩৭ | ঐ | আলিফ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ | ১৮১, ৩/১২/১৯ | ঐ | ২৫,০০০/- | ২৫,০০০/- |
| ৩৮ | ঐ | প্রগতি মটর ওয়ার্কশপ | ১৭৭, ৩/১২/১৯ | ঐ | ৫,০০০/- | ২৫,০০০/- |
| ৩৯ | ঐ | ঐতিহ্য মটরস | ১৭৭, ৩/১২/১৯ | ঐ | ২০,০০০/- | |
| ৪০ | ঐ | প্রগতি মটর ওয়ার্কশপ | ৩৯, ২০/০৮/১৯ | ঐ | ১,১০০/- | ১,১০০/- |
| ৪১ | ঐ | প্রগতি মটর ওয়ার্কশপ | ৪৩, ২০/০৮/১৯ | ঐ | ২৪,২০০/- | ২৪,৮৪০/- |
| ৪২ | ঐ | সাহরুখ মটরস | ৪৩, ২০/০৮/১৯ | ঐ | ৬৪০/- | |
| ৪৩ | ঐ | ঐতিহ্য মটরস | ৪১, ২০/০৮/১৯ | ঐ | ১৯,০০০/- | ২৪,৩০০/- |
| ৪৪ | ঐ | মামুন অটোস পার্টস | ৪১, ২০/০৮/১৯ | ঐ | ৫,৩০০/- | |
| ৪৫ | ঐ | মামুন অটোস পার্টস | ২৬, ৭/৮/১৯ | ঐ | ১৪,০০০/- | ১৪,০০০/- |
| ৪৬ | ঐ | মামুন অটোস পার্টস | ২৮, ৭/৮/১৯ | ঐ | ২২,০০০/- | ২২,০০০/- |
| ৪৭ | ঐ | ঐতিহ্য মটরস | বিল নম্বর নাই | ঐ | ২৩,০০০/- | ২৪,৮০০/- |
| ৪৮ | ঐ | মক্কা মটরস | বিল নম্বর নাই | ঐ | ৯০০/- | |
| ৪৯ | ঐ | সিয়াম লাইট রিপেয়ারিং সেন্টার | বিল নম্বর নাই | ঐ | ৯০০/- | |
| | | | | | উপমোট | ২,৫৪,৫৪০/- |
| ৫০ | ঢাকা মেট্রো-ঠ-১৩-৪৫২৩ | ঐতিহ্য মটরস | ১০৯, ১৫/১০/১৯ | যানবাহন মেরামত ব্যয় | ২১,৫০০/- | ২১,৫০০/- |
| ৫১ | ঐ | ঐতিহ্য মটরস | ১০৭, ১৫/১০/১৯ | ঐ | ৬,১০০/- | ৬,১০০/- |
| ৫২ | ঐ | নুর মটরস | ১৩৮, ৩/১১/১৯ | ঐ | ২,২০০/- | ২৪,৭০০/- |
| ৫৩ | ঐ | মামুন অটোস পার্টস | ১৩৮, ৩/১১/১৯ | ঐ | ২২,৫০০/- | |

| ক্রমিক নম্বর | গাড়ি নম্বর | সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম | বিল নং ও তারিখ | বিবরণ | জড়িত টাকা | মোট টাকা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৫৪ | ঐ | মোহনা টায়ার এন্ড ব্যাটারী | ১৫১, ৩/১১/১৯ | ঐ | ১০,০০০/- | ২৩,৫০০/- |
| ৫৫ | ঐ | সিয়াম লাইট রিপেয়ারিং সেন্টার | ১৫১,৩/১১/১৯ | ঐ | ৫,৫০০/- | |
| ৫৬ | ঐ | নুর মটরস | ১৫১, ৩/১১/১৯ | ঐ | ৮,০০০/- | |
| ৫৭ | ঐ | মাসুম মটরস | ১৮৪, ৩/১২/১৯ | ঐ | ১০,৫০০/- | ১০,৫০০/- |
| ৫৮ | ঐ | কিবরিয়া মটরস | ১৮০, ৩/১২/১৯ | ঐ | ১,৪০০/- | ২৫,০০০/- |
| ৫৯ | ঐ | প্রগতি মটর ওয়ার্কশপ | ১৮০, ৩/১২/১৯ | ঐ | ২৩,৬০০/- | |
| ৬০ | ঐ | প্রগতি মটর ওয়ার্কশপ | ৭৩, ১৮/৯/১৯ | ঐ | ৫,৫০০/- | ২৫,০০০/- |
| ৬১ | ঐ | কিবরিয়া মটরস | ৭৩, ১৮/৯/১৯ | ঐ | ১,৬০০/- | |
| ৬২ | ঐ | বাবু অটো পার্টস | ৭৩, ১৮/৯/১৯ | ঐ | ১৭,৯০০/- | |
| ৬৩ | ঐ | নুর মটরস | ৪৪, ২০/৮/১৯ | ঐ | ২৫,০০০/- | ২৫,০০০/- |
| ৬৪ | ঐ | ঐতিহ্য মটরস | ২৬, ৭/৮/১৯ | ঐ | ১১,০০০/- | ১১,০০০/- |
| | | | | | উপমোট | ১,৭২,৩০০/- |
| ৬৫ | গাড়ী নম্বর নাই | রুপালী লুব এন্ড অটোস | ১৩৯, ৩/১১/১৯ | ঐ | ১৫,৩০০/- | ২৩,৭০০/- |
| ৬৬ | ঐ | নুর মটরস | ১৩৯, ৩/১১/১৯ | ঐ | ৮,৪০০/- | |
| ৬৭ | ঐ | জাকিয়া ট্রেডার্স | ১৩৬, ৩/১১/১৯ | ঐ | ১৪,০০০/- | ২৫,০০০/- |
| ৬৮ | ঐ | মামুন অটোস পার্টস | ১৩৬, ৩/১১/১৯ | ঐ | ১১,০০০/- | |
| ৬৯ | ঐ | ঐতিহ্য মটরস | ১০৬, ১৫/১০/১৯ | ঐ | ১৬,৪০০/- | ২৪,৯০০/- |
| ৭০ | ঐ | নুর মটরস | ১০৬, ১৫/১০/১৯ | ঐ | ৮,৫০০/- | |
| ৭১ | ঐ | প্রগতি মটর ওয়ার্কশপ | ১০২, ১৫/১০/১৯ | ঐ | ৩,০০০/- | ২৫,০০০/- |
